karmasangsthan.online



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.

R

### স্কুল-কলেজ-শিক্ষা

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213

CM

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆:7890135514

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### কর্মখালি

Reputed Paramedical Institution in Asansol urgently required for Marketing Executive (Male), must have own bike, Receptionist-cum-Telecaller (Female). Attractive salary + Incentive. Send CV to 7797918120

MS

**মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে সরাসরি**
বিভিন্ন পদে M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক, বেতন : 18,200–63,500 + PF, ESI, OT, বোনাস থাকা ও যাতায়াত ফ্রী। Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M : 7550825532

SA

### কর্মখালি

**আর্জেন্ট জয়েনিং**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-–72,900/-. H.R.- 7585021365

SA

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

### কর্মখালি

**AXIS BANK (DSA)-তে**
HS পরীক্ষার্থীরা স্বাগত। প্রচুর M/F নিয়োগ। যোগ্যতা (SF-উর্ধ্বে), বেতন (22K–52K) + ইনসেনটিভ + TA, ST, SC-দের বিশেষ সুবিধা। যোগাযোগ করুন : 9144875062

SP

### কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী নিয়োগ**
AXIS BANK–DSA দিচ্ছে যোগ্যতানুযায়ী বিভিন্ন Back Office পদে M/F স্থায়ী জব। যোগ্যতা : H.S –স্নাতক ও উর্ধ্বে। বেতন : 18700–47900. বয়স : 18–40. M : 9144228728

SA(A)

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## রাজ্যের প্রতিটি জেলায় বিনামূল্যে স্টেনোগ্রাফি কোর্স পড়াচ্ছে রাজ্য সরকারের সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম দফতর

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েদের 'ফ্রি স্টেনোগ্রাফি'র কোর্স পড়াচ্ছে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম। মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান, জৈন, পার্সি ও শিখ সম্প্রদায়ের ছেলেমেয়েরা এই কোর্স করতে পারবেন। সম্পূর্ণ বিনামূল্যে এই কোর্স পড়ানো হবে। প্রশিক্ষণের জন্য যাবতীয় খরচ বহন করবে রাজ্য সরকার।

**আবেদনের শেষ তারিখ ১০ মার্চ**

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩৮ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৬০০ টাকা পেতে পারেন। ৬ মাসের কোর্স। সপ্তাহে ৩ দিন ক্লাস হবে। ট্রেনিং হবে কলকাতা ও বিভিন্ন জেলায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbmdfc.org

যোগাযোগের ঠিকানা : পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম, অম্বর, ডিডি-২৭/ই, সল্টলেক, সেক্টর-১, কলকাতা - ৬৪। ফোন : ১৮০০ ১২০ ২১৩০, (০৩৩) ২৩২১ ২৯৯৫।

পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের মূল বিজ্ঞাপন পাবেন প্রথম পৃষ্ঠায়।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
স্কুল সার্ভিসের Group-D
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য
সাফল্য
প্রতিটি মাত্র ... টাকা

**ফর্ম — IV**
(রুল ৮'এর ধারা অনুসারে)
বাংলো সাপ্তাহিক সংবাদপত্র 'কর্মসংস্থান'এর মালিকানা ও অন্যান্য তথ্যাদি বিষয়ক বিবৃতি

| | |
|---|---|
| ১। প্রকাশ-স্থান | : কলকাতা |
| ২। প্রকাশনার পর্যায়বৃত্তি | : সাপ্তাহিক |
| ৩। মুদ্রকের নাম | : মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : প্রযোজ্য নয় |
| ঠিকানা | : বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪ |
| ৪। প্রকাশকের নাম | : মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : প্রযোজ্য নয় |
| ঠিকানা | : বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪ |
| ৫। সম্পাদকের নাম | : মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : প্রযোজ্য নয় |
| ঠিকানা | : বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪ |
| ৬। উক্ত সংবাদপত্রের মালিক ও অংশীদার অথবা শেয়ারহোল্ডার যাঁদের মোট মূলধনের এক শতাংশের বেশি শেয়ার রয়েছে, তাঁদের নাম, ঠিকানা | : সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড ১২/৩/৪ জামির লেন কলকাতা - ৭০০ ০১৯ |

২৮.০২.২০২৬ পর্যন্ত এই সংবাদপত্রের মালিক ও অংশীদার বা মোট মূলধনের এক শতাংশেরও বেশি শেয়ারের অধিকারীদের নাম ও ঠিকানা:
(১) মৌসুমী ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯,
(২) শীর্ষতনয় ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.
(৩) অভিষেক বসু, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.
আমি, শ্রীমতী মৌসুমী ঘোষ এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

মৌসুমী ঘোষ
প্রকাশকের স্বাক্ষর
তারিখ : ১ মার্চ, ২০২৬

## ৭০ এক্সিকিউটিভ ট্রেনি

১ পাতার পর

(ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩)।

এক্সিকিউটিভ ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন) : ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

এক্সিকিউটিভ ট্রেনি (কেমিক্যাল) : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, পেট্রোকেমিক্যাল টেকনোলজি, কেমিক্যাল টেকনোলজি অ্যান্ড পলিমার সায়েন্স, কেমিক্যাল টেকনোলজি অ্যান্ড প্লাস্টিক টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮-৩-২০২৬'র হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে ৬০,০০০-১,৮০,০০০ টাকা। ওপরের সব ক্ষেত্রে তপশিলী ও প্রতিবন্ধীরা শিক্ষাগত যোগ্যতায় ৫% নম্বরে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : GAIL/OPEN/ET/2A/2025.

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের 'গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (GATE-2026)' পরীক্ষার মাধ্যমে। 'গেট' পরীক্ষায় সফল হলে 'গেইল'র জন্য ইন্টারভিউ দিয়ে সফল হতে হবে। 'গেট-২০২৬' পরীক্ষার জন্য যাঁরা দরখাস্ত করেছেন, তাঁরাই আবেদনের যোগ্য। 'গেট' পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://gate2026.iitg.ac.in

গেইলে ওইসব পদে দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : https.gailonline.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে Career-এ গিয়ে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। তাতে যাবতীয় প্রমাণ পত্র দিয়ে আর ফটো আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ২ কপি প্রিন্ট করবেন। তখন ইউনিক অ্যাপ্লিকেশন আই.ডি. আর রেফারেন্স পাবেন, যা নিজের কাছে রেখে দেবেন।

## বাঁকুড়ায় বিশাল কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ১৩ ও ১৪ মার্চ, শুক্রবার ও শনিবার বাঁকুড়া জেলা শহরের সুকুমার উদ্যানের কাছে (ভারত সাইনি রোড) রাগিনী ম্যারেজ হল'এ এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

karmasangsthan.online



## ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D. করার সুযোগ এখন হাতের মুঠোয়

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D করার সুযোগ এখন হাতের মুঠোয়। মাস্টার ডিগ্রি হোল্ডার্স Non-NET প্রার্থীদেরও গাইড করা হবে। ফ্রেশার বা, কর্মরত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। লিমিটেড সীট আছে। আমাদের বিশেষত্ব : (১) ইউনির্ভাসিটি অ্যান্ড সুপারভাইজর শর্টলিস্টিং, (২) রিসার্চ প্রোপোজাল ও SOP সাপোর্ট, (৩) এন্ট্রান্স এক্সাম ও ইন্টারভিউ প্রিপারেশন, (৪) ফেলোশিপ ও ফান্ডিং অ্যাসিস্ট্যান্ট, (৫) স্ট্রং রিসার্চ ইন্টারেস্ট। আগ্রহী প্রার্থীরা এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় : অ্যাডমিশন গাইডেন্স, বালি, হাওড়া। ফোন : 9038011392

## RKM শিল্পমন্দির কমিউনিটি ট্রেনিং সেন্টার, বেলুড় মঠে প্রযুক্তিগত প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি : RKMS কমিউনিটি ট্রেনিং সেন্টারে ১৮ থেকে ৩০ বছর বয়সী পুরুষ প্রার্থীদের ভর্তি চলছে। প্রতিটি ট্রেডে হাতেকলমে প্র্যাক্টিক্যাল প্রশিক্ষণ দেওয়া হয়। ১ বছরের জন্য যেসব ট্রেডে ভর্তি চলছে — (১) ফিল্ড টেকনিশিয়ান রেফ্রিজারেশন ও হোম অ্যাপ্লায়েন্স রিপেয়ারিং, (২) ফিল্ড টেকনিশিয়ান — মোটর মেকানিক, (৩) ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিশিয়ান, (৪) ইন্ডাস্ট্রিয়াল ফিটার, (৫) ফিল্ড টেকনিশিয়ান — মেকানিক্যাল। ৬ মাসের জন্য যেসব ট্রেডে ভর্তি চলছে — (১) মেশিনিস্ট, (২) স্মার্ট ফোন ও টিভি রিপেয়ারিং, (৩) ওয়েল্ডিং, (৪) ফিটার ও পাইপ ফিটার, (৫) ইলেক্ট্রিশিয়ান, (৬) অটোমোবাইল মেকানিক, (৭) রেফ্রিজারেশন ও এসি, (৮) ইলেক্ট্রিক ভেহিকল টেকনিশিয়ান, (৯) সোলার অ্যাণ্ড পিএলসি টেকনিশিয়ান, (১০) সি.এন.সি অপারেটর (২ মাস)। সুযোগ-সুবিধা : (১) অত্যাধুনিক ওয়ার্কশপ, (২) কোর্সের শেষে ১০০% কাজের সুযোগ, (৩) ইন্ডাস্ট্রি পরিদর্শন, (৪) পার্সোনালিটি ও ইন্টারভিউ প্রিপারেশন, (৫) এনএসডিসি পরীক্ষা। প্রশিক্ষণ সহায়ক হিসাবে যুক্ত : ব্লু স্টার, মাহিন্দ্রা রাইজ, আইএফবি ইন্ডাস্ট্রিস লিমিটেড। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ। যোগাযোগের ঠিকানা : ৩১৩ জিটি রোড, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২। ফোন : (০৩৩) ২৬৫৪-৭৩৫০/৮০১০, ৭৬৮৫০৭৩৮০৪।

## পি.এস.সি.'র জুডিশিয়াল সার্ভিসের মেনস পরীক্ষা

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ১৯/২০২৩'এর ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস (ফাইনাল)'এর আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে ২৩ থেকে ৩০ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http://pscwb.gov.in


## জেলা ভিত্তিক ৩০০ ছেলেমেয়ে নিয়োগ

সারা দেশে এখন চলছে বেকারত্ব, তাই Digital Crime, Online Scam-এর সাথে যুক্ত হয়ে অনেক লোক প্রতারণার শিকার হচ্ছে। তাই আপনারা আপনাদের পরিশ্রমের টাকা নষ্ট না করে কেবলমাত্র সততা ও দৃঢ় মানসিকতার মাধ্যমে হয়ে যেতে পারেন একজন খ্যাতনামা Business Partner। তাই আজকেই যোগাযোগ করুন Caretrusted Financial Services PVT. LTD. নামক কোম্পানিতে। এখানে বিমা পরিষেবার জন্য জেলা ভিত্তিক ছেলেমেয়েদের নিযুক্ত করা হবে।

Qualification : 10th Pass, Age : 18 yrs to 40 yrs.,
Monthly Salary : 20,000/- + Incentive + TA + PF
Interview Date : 05.04.2026 (Sunday - 11 A.M.)
Application Date : 02.03.2026 - 30.03.2026

**Application গ্রহণ হবে E-mail & Whatsapp-এ**

E-Mail ID- caretrusted2025@gmail.com
Whatsapp No: 7864932002 I Contact No: 7864932002
Office - Nimtouri, Kulberia, Purba Medinipur



## MSME- TOOL ROOM, KOLKATA

(Central Tool Room & Training Centre)
Under Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India
Bonhooghly Industrial Area, Kolkata- 700108
Ph.: 9330193304, E-mail : cttc-msme@gov.in

Ministry of Micro, Small and Medium Enterprises Government of India

CTTC — ISO 9001 : 2008, OHSAS 18001:2007, ISO 29990:2010 CERTIFIED

### ADMISSION NOTICE 2026-27

Application are invited from interested candidates for :

Diploma Engineering in
- Tool & Die Making — 4 Years
- Mechatronics — 3 Years
- Mechanical (Industry Integrated) — 3 Years

Eligibility: Passed or appeared 10th

**LATERAL ENTRY**

Diploma Engineering in
- Tool & Die Making
- Mechatronics
- Mechanical Engineering (Industry Integrated)

Eligibility: Passed or appeared 10+2 (Science/ Vocation/ ITI)

For more details please visit our website:
www.msmetoolroomkolkata.com

Phone: 9330193304 9433796710

Scan Me & Apply Now


## তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত যুবক-যুবতীদের বিনামূল্যে যোগ্যশ্রী প্রকল্পে গ্রুপ 'বি', 'সি', 'ডি' চাকরির পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত যুবক-যুবতীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে সরকারি (গ্রুপ - বি/সি/ডি) চাকরির পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখ টাকার মধ্যে। জাতিগত শংসাপত্র থাকা আবশ্যক। গ্রুপ 'বি' পদের জন্য যোগ্যতা দরকার গ্র্যাজুয়েট। গ্রুপ 'সি' পদের জন্য যোগ্যতা দরকার মাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ আর গ্রুপ 'ডি' পদের জন্য যোগ্যতা দরকার অষ্টম শ্রেণি পাশ। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১০ মার্চ। আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে ও https://wbbcdev.webstep.in-এ পাওয়া যাবে। ১০ মার্চের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে। অথবা অনলাইনে আবেদন করতে পারেন https://wbbcdev.webstep.in -এ। প্রশিক্ষণ রূপায়ণে আছে এন.সি.এস.এম। জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) উত্তর ২৪ পরগনা জেলা — বারাসাত : ডিস্ট্রিক্ট লাইব্রেরি, ফোন : ৮৯৭২২৫৪২৬৯, (২) দক্ষিণ ২৪ পরগনা — বারুইপুর : রাসমনি বালিকা বিদ্যালয়, ফোন : ৮৯৭২২৫৪২৬৮, (৩) বাঁকুড়া — বাঁকুড়া টাউন : বাঁকুড়া জেলা সারদামণি মহিলা মহাবিদ্যাপীঠ, ফোন : ৮৯৭২২৫৪২৮২, (৪) হাওড়া — হাওড়া : হাওড়া বিবেকানন্দ ইনস্টিটিউশন, ফোন : ৮৯৭২২৫৪২৫৫, (৫) ঝাড়গ্রাম — ঝাড়গ্রাম কুমুদ কুমারি ইনস্টিটিউশন, ফোন : ৮৯৭২২৫৪২৪৭, (৬) পশ্চিম বর্ধমান — আসানসোল : আসানসোল ডিস্ট্রিক্ট লাইব্রেরি, ফোন : ৮৯৭২২৫৪২৪৮, (৭) পূর্ব বর্ধমান — পূর্ব বর্ধমান : উদয়চাঁদ লাইব্রেরি, ফোন : ৮৯৭২২৫৪২৬৩, (৮) পশ্চিম মেদিনীপুর — মেদিনীপুর টাউন : রাজনারায়ণ বসু স্মৃতি পাঠাগার, ফোন : ৮৯৭২২৫৪২৭৭, (৯) পূর্ব মেদিনীপুর — তমলুক : শহীদ মাতঙ্গিনী হাজরা গভর্ণমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ ফর উইমেন, ফোন : ৮৯৭২২৫৪২৭৩, (১০) পুরুলিয়া — পুরুলিয়া টাউন : পুরুলিয়া জেলা স্কুল, ফোন : ৮৯৭২২৫৪৪০২, (১১) আলিপুরদুয়ার — আলিপুরদুয়ার : আলিপুরদুয়ার গোবিন্দ হাই স্কুল (এইচ.এস), ফোন : ৮৯৭২২৫৪৪৪৫, (১২) বীরভূম — সিউড়ি : বেনীমাধব ইনস্টিটিউশন, ফোন : ৮৯৭২২৫৪৪২৩, (১৩) কোচবিহার — কোচবিহার টাউন : নর্থ বেঙ্গল স্টেট লাইব্রেরি, ফোন : ৮৯৭২২৫৪৪৫৮, (১৪) উত্তর দিনাজপুর — রায়গঞ্জ : গভর্ণমেন্ট ডিস্ট্রিক্ট লাইব্রেরি, ফোন : ৮৯৭২২৫৪৪৭২, (১৫) দক্ষিণ দিনাজপুর — বালুরঘাট টাউন : আই.টি.ডি.এ বিল্ডিং, ফোন : ৮৯৭২২৫৪৪৭৬, (১৬) দার্জিলিং — দার্জিলিং টাউন : হিন্দি হাই স্কুল, ফোন : ৮৯৭২২৫৪৪৯০, (১৭) জলপাইগুড়ি — জলপাইগুড়ি টাউন : আনন্দ মডেল হাই স্কুল (এইচ.এস), ফোন : ৮৯৭২২৫৪৪০৪, (১৮) কালিম্পং — কালিম্পং : কালিম্পং ডিস্ট্রিক্ট লাইব্রেরি, ফোন : ৮০০১৩৭৭২৪৯, (১৯) মালদা — মালদা টাউন : মালদা সাহাপুর হাই স্কুল, ফোন : ৮৯৭২২৫৪৫১৬, (২০) নদিয়া — কৃষ্ণনগর : কৃষ্ণনগর এ.ভি হাই স্কুল, ফোন : ৮৯৭২২৫৪৫০৯, (২১) মুর্শিদাবাদ — বহরমপুর : ডিস্ট্রিক্ট লাইব্রেরি, ফোন : ৮৯৭২২৫৪৩০৯, (২২) কলকাতা — কলকাতা : পার্ক সার্কাস হাই স্কুল, ফোন : ৭০০৩৭০৬২৭৯, (২৩) হুগলি — ব্যান্ডেল : ব্যান্ডেল বিদ্যামন্দির, ফোন : ৮৯৭২২৫৪৫১৯। বিশদে জানতে যোগাযোগ করুন : ৬২৮৯৯৬১০০৭, ৮৯১০৯৪৭৪৯৭।

## Environmental Analyst কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : বিশ্ব উষ্ণায়ণ ও পরিবেশ দূষণের পরিপ্রেক্ষিতে বিগত কয়েক দশক ধরে পরিবেশ রক্ষা হয়ে উঠেছে ভারত সরকারের বিশেষ অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়গুলির মধ্যে অন্যতম। ফলে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে পরিবেশ সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞ ও পেশাদারদের চাহিদা ক্রমবর্ধমান। স্কুল কলেজের পাঠ্যক্রমে পরিবেশবিদ্যা আবশ্যিক বিষয়রূপে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলতঃ পরিবেশবিদ্যা বা পরিবেশ সংক্রান্ত কোর্স করলে সরকারি ও বেসরকারি নানান প্রতিষ্ঠানে বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

**কোথায় পড়বেন :** কলকাতার Sea Explorers' Institute বিগত ৩০ বছর ধরে Environmental Analyst এর স্বল্প মেয়াদী কোর্স পড়াচ্ছে। ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত এই সংস্থা কেন্দ্রীয় সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর ও জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর স্বীকৃতিপ্রাপ্ত।

**কী পড়বেন :** পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী শিক্ষা দপ্তর কর্তৃক স্বীকৃত Environmental Analyst কোর্সটির মেয়াদ ৬ মাস। কর্তৃপক্ষের তরফ থেকে জানানো হয়েছে, এখানে ছাত্রছাত্রীদের প্র্যাক্টিক্যালের ওপর বিশেষ জোর দেওয়া হয়, যাতে কর্মক্ষেত্রে তাদের আত্মবিশ্বাস ও অভিজ্ঞতা বাড়ে। সোম থেকে শুক্র সপ্তাহে পাঁচ দিন ক্লাস। কোর্স শেষে পরীক্ষা নেওয়া হয় এবং সফল প্রার্থীদের certificate দেয় পশ্চিমবঙ্গ কারিগরী শিক্ষা দপ্তর।

**কারা পড়বেন / পড়ার খরচ :** বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাস প্রার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়স : ১৮ থেকে ৪০ এর মধ্যে হতে হবে। কোর্স ফি ১৬,০০০ টাকা।

**চাকরির সুযোগ :** ইনস্টিটিউটের সেক্রেটারি জেনারেল ডঃ সুদেষ্ণ চ্যাটার্জীর সঙ্গে কথা বলে জানা গেল, কোর্স শেষে সফল ছাত্রছাত্রীরা ১০০% চাকরির সুযোগ পেয়ে থাকেন। কোর্স শেষে Pollution Control Board, NEERI, Public Health Engineering, Drinking Water sector (সরকারি-বেসরকারি বিভিন্ন ল্যাবরেটরি) ইত্যাদি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ আছে।

**যোগাযোগ :** Sea Explorers' Institute, Outram Ghat, Kolkata- 700021. Ph. 9836530290, 9073848158, 8777018869. E-mail: seaexplo@yahoo.co.in, Website: www.seiindia.org


## Central Institute of Petrochemicals Engineering & Technology(CIPET-CSTS), Haldia

(Dept. of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt. of India)
City Centre, P.O. Debhog, Haldia, Dist. Purba Medinipur, West Bengal-721 657
Email: haldia@cipet.gov.in / ltc-haldia@cipet.gov.in

### CIPET ADMISSION TEST (CAT)-2026

DIPLOMA, POST DIPLOMA & PG DIPLOMA
NBA Accredited Diploma Programs
Registration Link :- https://cipet26.onlineregistrationform.org/CIPET/

| Sl. No. | Name of Program | Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 Years | 10th Std. (Passed/ Appeared) |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | | |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 Years | 3 Years Degree in Science (Passed/ Appeared) |
| 4 | Post Diploma in Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1.5 Years | Diploma in Machanical/ Plastics/ Polymeri/ Tool/ Tool & Die Making / Production/ Mechatronics/ Automobile/ Petrochemicals/ Industrial/ Instrumenation Engg./ Technology of DPMT/ DPT or Equivalent. |

Scan Here to Apply

| Sl. No. | Description | Date |
|---|---|---|
| 1. | Last date of Online registration | 28-05-2026 |
| 2. | Date of Issue of Admit Card for CAT | 03-06-2026 |
| 3. | Date of CAT all over India | 07-06-2026 |

**DIRECT ADMISSION THROUGH LATERAL ENTRY 2026**

| Sl. No. | Name of Program | Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) & Diploma in Plastics Technology (DPT) | 2 Years (Lateral Entry) | Passed 10th+2 exam (Regular/ vocational)(Physics, Maths & Chemistry) or 2 yrs. ITI. |

Excellent Placement Record · SCHOLARSHIP · INTERNSHIP WITH STIPEND · ASSISTANCE FOR EDUCATION LOAN · No Age Bar

+ 91 9002132328, +91 9749042189

karmasangsthan.online



# সিভিল সার্ভিসের স্বপ্নপূরণে পার্সোন্যালিটি টেস্টের গুরুত্ব অপরিসীম

*আগামী ১০ মার্চ ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসের (২০২৩ সালের) 'গ্রুপ-সি' বিভাগের পার্সোনালিটি টেস্ট শুরু হতে চলেছে। যাঁরা নিজেকে জয়েন্টব্লক ডেভেলপমেন্ট অফিসার, অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার বা রাজ্য প্রশাসনের অন্যান্য গুরুত্বপূর্ণ পদে, দেখতে চান তাঁদের জন্য এটাই মূল্যায়নের শেষ ধাপ। তাই এই পর্যায়ে সফল হতে হলে দরকার পরিকল্পিত প্রস্তুতি, চূড়ান্ত আত্মবিশ্বাস ও সাম্প্রতিক বিষয়গুলির ওপর গভীর ধারণা। 'সিভিল সার্ভেন্ট' হওয়ার স্বপ্নপূরণের এই অন্তিম পর্যায়ের ঠিকঠাক স্ট্র্যাটেজি, বডি ল্যাঙ্গোয়েজ ও সর্বোপরি কীভাবে নিজেকে 'ক্যারি' করলে ইন্টারভিউ বোর্ডে মাইলেজ পাওয়া যাবে, তা নিয়ে সবিস্তারে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

পার্সোনালিটি টেস্টে শুধুমাত্র বইয়ের জ্ঞান নয় — বরং নিজের ব্যক্তিত্ব, উপস্থাপনা, যুক্তি, রাষ্ট্র ও পশ্চিমবঙ্গ সম্পর্কে সুগভীর জ্ঞানের যাচাইও করা হয়। লিখিত পরীক্ষার সঙ্গেই পার্সোনালিটি টেস্টের জন্য প্রস্তুতি শুরু করা উচিত। মুখস্ত উত্তর নয়, বরং যে কোনো টপিক আলোচনায় আত্মবিশ্বাসীভাবে অংশ নিতে আগ্রহী হোন। অন্তত ২৫-৩০ মিনিট সময় ধরে ইন্টারভিউ বোর্ড বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক ও ব্যক্তিগত প্রশ্ন করতে পারে-বোর্ডের পরিবেশকে উপভোগ করুন, আতঙ্কিত হবেন না। নিজেকে বোঝার চেষ্টা করুন-নিজের শক্তি, দুর্বলতা, মূল্যবোধ, জীবনের লক্ষ্য ইত্যাদি নিয়ে স্পষ্ট ও সংক্ষিপ্ত উত্তর প্রস্তুত রাখুন। মক ইন্টারভিউতে অংশগ্রহণ করুন। প্রতিদিন আন্তর্জাতিক, জাতীয় ও রাজ্য সম্পর্কিত বিষয়াবলী, যেমন: এমএসএমই, কৃষি, সংস্কৃতি, রাজ্য সরকার, রাজনীতি, সরকারি প্রকল্প ইত্যাদি বিষয়ে খবর রাখুন।

বোর্ড বুঝতে চায়, আপনি নিজেদের চিন্তা ও তথ্য কীভাবে যুক্তিপূর্ণভাবে প্রকাশ করেন-তাই ক্রিটিক্যাল থিংকিং ও ক্রিয়েটিভিটি দেখাতে হবে। ইংরিজি ও বাংলা ভাষার দক্ষতা, শারীরিক ভাষা ও চোখের যোগাযোগে গুরুত্ব দিন। প্রতিদিন জাতীয় ও রাজ্য স্তরের ঘটনা সম্পর্কে পড়ুন। যেমন: সদ্য হয়ে যাওয়া বাজেট, রাজ্য প্রকল্প, বিপর্যয় মোকাবিলা ইত্যাদি। নিজের জেলা সম্পর্কে সমস্ত তথ্য খুঁটিয়ে পড়ুন। প্রত্যেক প্রশ্নের উত্তর গঠনমূলকভাবে শুরু করুন-আগে সংক্ষিপ্ত বিবৃতি, তারপরে যুক্তি, শেষে উদাহরণ দিন।

যত বেশি সম্ভব মক ইন্টারভিউ দিন, নিজের উত্তর পর্যালোচনা করুন, আত্মসমালোচনা করুন। সপ্তাহে অন্তত ১ দিন রিভিশন ও সেলফ ইন্ট্রোডাকশন অনুশীলনের জন্য রাখুন। প্রয়োজনমত দৈনন্দিন রুটিনে বিশ্রাম; পর্যাপ্ত ঘুম ও সৃজনশীল কাজ রাখুন, যাতে ইন্টারভিউয়ের দিন মন শান্ত ও উচ্চ আত্মবিশ্বাস থাকে।

সুশৃঙ্খল পোশাক, পরিপাটি চেহারা ও নম্র ব্যবহার- বোর্ড এগুলি আশা করে। আচরণে সততা, সামাজিক দায়িত্ববোধ ও যৌক্তিক চিন্তা দেখান-এটা পার্সোনালিটি টেস্টের মূল চাবিকাঠি। সেলফ ইন্ট্রোডাকশন, সিভিল সার্ভিসেই যেতে চান কেন? - এই ধরণের প্রশ্নের উত্তর বাংলায় ও ইংরিজিতে অনুশীলন করুন। নিয়মিত দৈনিক খবরের বিশ্লেষণ; সম্পাদকীয় প্রতিবেদন ও বাস্তব অভিজ্ঞতা-যেমন টিম লিডারশিপ বা ক্রাইসিস ম্যানেজমেন্ট - বোর্ডের সামনে তুলে ধরে নিজের বাস্তব জ্ঞান দেখান। নমুনা প্রশ্ন তালিকা তৈরি করুন, নিজের পরিচয়, নিজের দক্ষতা, দুর্বলতা, শখ ইত্যাদি সম্পর্কে উত্তর তৈরি রাখুন। নিজের জেলা ও পশ্চিমবঙ্গের প্রধান প্রধান সমস্যা ও সম্ভাব্য সমাধান, সাম্প্রতিক আর্থ-সামাজিক উন্নয়ন, সরকারি বিভিন্ন প্রকল্পের বিষয়ে নজর দিন।

- নিজের সম্পর্কে স্বচ্ছ ধারণা: আপনার সম্পর্কিত প্রতিটি বিষয় সম্পর্কে গভীর জ্ঞান রাখুন। আপনার নামের অর্থ, শিক্ষাগত যোগ্যতা, শখ (Hobbies), ও আপনার জেলা বা শহর সম্পর্কে বিস্তারিত তথ্য জেনে রাখুন।
- সাম্প্রতিক ঘটনাবলী (Current Affairs): জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী ও বিশেষ করে পশ্চিমবঙ্গের সাম্প্রতিক সরকারি প্রকল্প ও নীতিসমূহ সম্পর্কে আপডেট থাকুন। প্রতিদিন অন্তত একটি সংবাদপত্র পড়ুন।
- প্রশাসনিক জ্ঞান: আপনি কেন সিভিল সার্ভিসে আসতে চান, এই প্রশ্নের একটি ইতিবাচক ও সৎ উত্তর তৈরি রাখুন। এছাড়া ভারতীয় সংবিধান, বিশেষ করে লোকপ্রশাসন ও পঞ্চায়েতি রাজ ব্যবস্থা সম্পর্কে প্রাথমিক ধারণা থাকা জরুরি।
- পোশাক ও উপস্থাপন (Dressing & Body Language): মার্জিত ও ফর্মাল পোশাক পরুন। ছেলেদের জন্য হালকা রঙের শার্ট ও গাঢ় রঙের ট্রাউজার ও মেয়েদের জন্য শাড়ি বা মার্জিত সালোয়ার উপযুক্ত। কথা বলার সময় আত্মবিশ্বাসের সঙ্গে চোখের যোগাযোগ (Eye contact) বজায় রাখুন।
- সিচুয়েশনাল প্রশ্ন: কোনো বিশেষ পরিস্থিতি (যেমন- বাল্য বিবাহ বা প্রাকৃতিক দুর্যোগ) সামলানোর জন্য আপনার তাৎক্ষণিক বুদ্ধিমত্তা ও সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা পরীক্ষা করা হতে পারে। এই জাতীয় প্রশ্নের উত্তর দেওয়ার সময় নিরপেক্ষ ও যুক্তিবাদী দৃষ্টিভঙ্গি বজায় রাখুন।
- ভাষার সাবলীলতা: ইন্টারভিউ সাধারণত বাংলা বা ইংরিজি ভাষায় হয়। আপনি যে ভাষায় স্বাচ্ছন্দ্য বোধ করবেন, সেই ভাষাতেই স্পষ্টভাবে উত্তর দিন। কোনো প্রশ্নের উত্তর জানা না থাকলে বিনয়ের সঙ্গে তা স্বীকার করুন।
- সমস্যা সমাধানের দক্ষতা: আপনি কি সমালোচনামূলকভাবে চিন্তা করতে পারেন ও সমাধান প্রস্তাব করতে পারেন?
- সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা: চাপের মধ্যেও কি আপনি ভালো সিদ্ধান্ত নিতে সক্ষম?
- সততা ও নীতিশাস্ত্র: আপনি কি সততা ও জনসেবার প্রতি অঙ্গীকার প্রদর্শন করেন?
- সিভিল সার্ভিসের জন্য উপযুক্ততা: প্রশাসনে সফল কেরিয়ারের জন্য প্রয়োজনীয় গুণাবলী কি আপনার মধ্যে রয়েছে?

**কিছু গুরুত্বপূর্ণ টিপস:**

- প্রশ্ন ও তার নির্দেশনা অর্থাৎ 'আলোচনা' নাকি 'বিশ্লেষণ' ইত্যাদি ভালো করে বুঝুন।
- সংক্ষিপ্ত ও মূল বিষয়ভিত্তিক উত্তর দিন, অপ্রাসঙ্গিক তথ্য এড়ান।
- পরিভাষা বা অন্যান্য কঠিন ভাষা পরিহার করুন।
- অবশ্যই নম্রতা বজায় রেখে আত্মবিশ্বাসের সঙ্গে উত্তর দিন।
- সঠিক তথ্য, সাম্প্রতিক উদাহরণ ও ব্যক্তিগত অভিজ্ঞতা থাকলে তা উল্লেখ করুন।
- কোনো অবস্থাতেই উত্তেজিত বা অধৈর্য হবেন না।

ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসের গ্রুপ-সি বিভাগের পার্সোনালিটি টেস্টে সফলতার জন্য পূর্ব পরিকল্পনা, আত্মোপলব্ধি, আত্মবিশ্বাস ও যুক্তির সমন্বয় দরকার। নিরন্তর অনুশীলন, সময়ের সঠিক ব্যবহার, ছোটো ছোটো ভুল শুধরে নেওয়ার অভ্যাস-সব মিলিয়ে পশ্চিমবঙ্গের প্রশাসনে গুরুত্বপূর্ণ পদে যোগদানের লক্ষ্যপূরণে মনোনিবেশ করুন।

ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি, ডব্লু.বি.সি.এস-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## কলেজে ১ হাজার সহকারী অধ্যাপক

১ পাতার পর

নেওয়া হবে রাজ্যের সরকার অনুমোদিত সাধারণ ডিগ্রি কলেজগুলিতে। এজন্য প্রথমে একটি প্যানেল তৈরি করা হবে ও ওই তালিকা থেকে নিয়োগ করা হবে।

সাধারণ ডিগ্রি কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বেলায় : অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী ও দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%, ১৯৯১ সালের ১৯ সেপ্টেম্বরের আগে মাস্টার ডিগ্রি কোর্স পাশরা পিএইচ.ডি. করে থাকলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। অনার্স গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন।

সব ক্ষেত্রেই পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্লেট' / 'সেট' পরীক্ষা কিংবা ইউ.জি.সি. /সি.এস.আই.আর. (নেট)'এর নেওয়া 'জুনিয়র রিসার্চ ফেলো (জে.আর.এফ.) / লেকচারারশিপ পরীক্ষায় কোয়ালিফাই (সফল) করে থাকতে হবে। ২০০৯ কিংবা ২০১৬ (সংশোধনী) সালের ইউ.জি.সি.'র নিয়মানুযায়ী যাঁরা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা 'নেট' / 'স্লেট' / 'সেট' পরীক্ষায় সফল না হয়ে থাকলেও আবেদনের যোগ্য। মিউজিক, পারফর্মিং আর্ট, ভিশ্যুয়াল আর্টস ও অন্য কোনো ট্র্যাডিশনাল ইন্ডিয়ান আর্ট (স্কাল্পচার-সহ) বিষয়ের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের বেলায় সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। 'নেট' /'স্লেট' / 'সেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ইউ.জি.সি.'র ২০০৯ কিংবা ২০১৬ (সংশোধনী) সালের নিয়মানুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি করে থাকলে নেট / সেট / স্লেট পরীক্ষা না দিয়ে থাকলেও যোগ্য। ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর, প্রতিবন্ধীরা (ফিজিক্যাল এডুকেশন বিভাগ ছাড়া) ১০ বছর ও পিএইচ.ডি. ডিগ্রি প্রাপ্তরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। পার্ট টাইম টিচার, অনুমোদিত চুক্তিভিত্তিক পুরো সময়ের শিক্ষকরা ৪৭ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। মূল মাইনে : ৫৭,৭০০ টাকা। শূন্যপদ আছে প্রায় ১ হাজারের কাছাকাছি। কোন বিষয়ে ক'টি শূন্যপদ তা পরে ওয়েবসাইটে দেওয়া হবে। এই পদের বিজ্ঞপ্তি নং: 1/2026.

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। প্রথমে ইন্টারভিউ হবে। শূন্যপদ অনুযায়ী একটিই মেধা তালিকা তৈরি করা হবে। ইন্টারভিউয়ের পর শূন্যপদের তালিকা দেওয়া হবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য সরকারি নিয়মানুযায়ী শূন্যপদ সংরক্ষিত আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbcsconline.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. হলে ১,২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. কিংবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। এরপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল, ই-চালান ও অন্যান্য প্রমাণপত্রের মূল নিয়ে যাবেন। আরো বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন, ৬, ভবানী দত্ত লেন (৫ম তল), কলকাতা-৭০০ ০৭৩।

## ২৬ ফার্মাসিস্ট

১ পাতার পর

ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে কলকাতা সিটি NUHM Society -তে।

অ্যালোপ্যাথি ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা পশ্চিমবঙ্গ ফার্মাসি কাউন্সিলে ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ৯, জেনাঃ প্রাঃসঃকঃ ৩, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২, ই.ডব্লু.এস. ৩, ই.ডব্লু.এস. - প্রাঃসঃকঃ ১, তঃজাঃ ২, তঃজাঃ প্রাঃসঃকঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১)। প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এরপর হবে প্র্যাক্টিক্যাল পরীক্ষা। শিক্ষাগত যোগ্যতায় থাকবে ৮৫ নম্বর ও কম্পিউটার টেস্টে থাকবে ১৫ নম্বর। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে প্র্যাক্টিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 06/Kolkata City NUHM Society / 2025-26, Dated: 26.02.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ মার্চ থেকে ১৯ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.kmcgov,in

## ২৬৪ প্যারামেডিক্যাল কর্মী

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশরা রেডিওগ্রাফির সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রেডিওগ্রাফি কিংবা রেডিওলজিক্যাল টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৯৬টি (জেনাঃ ৫১, ও.বি.সি. ১৬, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১০, ই.ডব্লু.এস. ১২)। চাকরি হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে।

**পোস্ট কোড 09/26: অপ্টোমেট্রিস্ট :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা অপ্টোমেট্রির ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে।

**পোস্ট কোড 10/26: জুনিয়র রেডিওগ্রাফার :** মাধ্যমিক পাশরা ডার্ক রুম এক্স-রে'র কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে নিউ দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

**পোস্ট কোড 11/26: মিটার অ্যান্ড রিলে টেস্টার গ্রেড-II :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রিকের ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)। চাকরি হবে দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে।

**পোস্ট কোড 12/26: রিপোর্টার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি শর্টহ্যান্ডে দক্ষতা থাকলে যোগ্য। মিনিটে ১০০টি শব্দ ডিকটেশনে দক্ষতা আর কম্পিউটার ট্রান্সক্রিপশনে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে লেজিসলেটিভ অ্যাসেম্বলি সেক্রেটারিয়েটে।

**পোস্ট কোড 14/26: পাটওয়ারি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। হিন্দি বা, উর্দুতে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি আরবান শেল্টার ইমপ্রুভমেন্ট বোর্ডে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ২৮-৩-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : 02/2026, Dated: 25/02/2026.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম টায়ারে ২০০ নম্বরের ২০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, টেস্ট অফ হিন্দি ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন, টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন। সফল হলে স্কিল টেস্ট, ফিজিক্যাল টেস্ট কিংবা ট্রেড টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কলকাতা পুরনিগমে ৮৬ নার্স

১ পাতার পর

এই পদের বিজ্ঞপ্তি নং : 08/Kolkata City NUHM Society / 2025-26, dated : 27-01-2026.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ মার্চ থেকে ২৫ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.kmcgov.in

এবছর ভারতীয় রেলে ১ লাখ নিয়োগ

# ঠিক কীভাবে প্রস্তুতি নিলে রেলে চাকরি পাবেনই ?


টি. কে. মিত্র

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের অন্যতম সেরা বিভাগ তথা ভারতীয় রেল-এ সামনের কয়েকমাসের মধ্যে ১ থেকে ১.৫ লাখ নিয়োগ হবে। শুরুতেই মোটা মাইনে। তাই এই বিভাগে চাকরি পেতে হলে দরকার উচ্চমানের প্রস্তুতির। শূন্য পদের থেকে অন্তত ৩০ গুণ সংখ্যক ছেলেমেয়ে আবেদন করবে। এই বিপুল সংখ্যক চাকরিপ্রার্থীর মধ্যে কিভাবে প্রস্তুতি নিলে, সুনিশ্চিত চাকরি পাওয়া যাবে তা জানতে আমরা যোগাযোগ করেছিলাম রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান CACES-এর সঙ্গে। এই প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক হেড টি. কে. মিত্র জানালেন, (১) এখনকার বেশিরভাগ ছেলেমেয়েই ১ বছরের মধ্যে চাকরি পেতে চায়। কিন্তু প্রস্তুতি নিতে চায় না। এখানে একটি ব্যাপার পরিষ্কার করে বলা দরকার যে, চাকরি পেতে হলে সুনির্দিষ্ট ভাবে ঠিকঠাক প্রস্তুতির দরকার। নচেৎ কোনোভাবেই চাকরি পাওয়া যাবে না। (২) কেন্দ্রীয় সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ এই বিভাগে, সামনের কয়েক মাসে যে বিপুল সংখ্যক নিয়োগ হবে তা সত্যি। এই নিয়োগের ক্ষেত্রে প্রস্তুতি ঠিকঠাক নিতে হলে দরকার প্রিমিয়ার ফ্যাকাল্টির সঠিক গাইডেন্স। অর্থাৎ ভারতীয় রেলে সম্প্রতি চাকরি পেয়েছে এমন আধিকারিক। এই ব্যাপারে আমাদের প্রতিষ্ঠান রাজ্যের মধ্যে অন্যতম সেরা। এখানে ফ্যাকাল্টি হিসাবে রয়েছে কেন্দ্রীয় সরকারের সেরা সেরা বিভাগের সম্প্রতি চাকরি পাওয়া অফিসারেরা। (৩) বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তরের অ্যানালিসিস করে কাস্টমাইজড পদ্ধতিতে পরীক্ষা ভিত্তিক স্টাডি মেটেরিয়াল। (৪) এমন জায়গায় ভরতি হতে হবে যেখানে সেরা সেরা ছেলেমেয়েরা পড়ছে। অর্থাৎ এই ধরনের পরীক্ষায় ক্র্যাক করতে হলে দরকার সবচেয়ে কম সময়ে সবচেয়ে বেশি সঠিক প্রশ্নের উত্তর দেওয়া। তারজন্য চাই সেরা ছেলেমেয়েদের সাথে কম্পিটিশন — যা আমাদের প্রতিষ্ঠানের অন্যতম ইউএসপি। (৫) সোশ্যাল মিডিয়ার মাধ্যমে কিভাবে চাকরি ওরিয়েন্টেড প্রস্তুতি নেওয়া যায় তারজন্য স্পেশালাইজড ক্লাস। পরিকল্পনা মাফিক পরিশ্রম করে ৬ মাস থেকে ১ বছরের মধ্যে মোটা মাইনের সুনিশ্চিত সরকারি চাকরি কিভাবে পাওয়া যায় তা জানতে ফোন করুন : 9062756906 / 9123325910 অথবা যোগাযোগ করুন এই ঠিকানায় : ক্যাসেস্ এডুকেশন, 35, APC Road, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি - 9.

# প্যাকেজিংয়ের ভবিষ্যৎ নিয়ে ২দিনের জাতীয় সম্মেলন



**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** প্যাকেজিং সেক্টরে দেশের শীর্ষস্থানীয় সংস্থা ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং (IIP) গত ২৬ ও ২৭ ফেব্রুয়ারী কলকাতার হোটেল আইটিসি সোনারে "দ্য ফিউচার অফ প্যাকেজিং : ইনোভেট। ইন্টিগ্রেট। ইন্সপায়ার" শীর্ষক ২দিন ব্যাপী এক জাতীয় সম্মেলনের আয়োজন করে। উল্লেখ্য আইআইপি ৬০ বছর ধরে দেশের প্যাকেজিং শিল্পের উন্নয়নের কাজ করে আসছে। সম্মেলনের মূল আলোচ্য বিষয় ছিল প্যাকেজিং ক্ষেত্রে ডিজিটাইজেশন, কৃত্রিম বুদ্ধিমত্তা, টেকসই প্রযুক্তি, প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ও পুনর্ব্যবহার। সম্মেলনের উদ্বোধনে ছিলেন, রাজ্য সরকারের অতিরিক্ত মুখ্য সচিব রাজেশ পাণ্ডে, প্রধান সচিব সুরেন্দ্র গুপ্ত, নাবার্ড-এর চিফ জেনারেল ম্যানেজার পি.কে. ভরদ্বাজ সহ বিশিষ্ট ব্যক্তিরা। সুষ্ঠভাবে হওয়া এই অভূতপূর্ব অনুষ্ঠানটি আইআইপি কলকাতা শাখার ডেপুটি ডিরেক্টর ড. বিধান দাসের মস্তিষ্কপ্রসূত সুপরিকল্পনা ও রূপায়নের ফসল।


কর্মখালি

শ্রীমতী টেকনো ইনস্টিটিউটের হাজরা ক্যাম্পাস ডিজিটাল মার্কেটিং-এ (SEO, FB, Insta, YouTube, Google AdWords) ৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন লোক চাই। ইন্টিরিয়র ডিজাইনের ফ্যাকাল্টি পদেও নিয়োগ হবে। ওয়াক-ইন-ইন্টারভিউ : 13.03.26 (দুপুর 2টো থেকে বিকেল 5টা)। 114/2A, Hazra Road, Kol-26

কর্মখালি

অমরবীনা হেলথ কেয়ার প্রাইভেট লিমিটেড (অমরদীপ নার্সিংহোম) নিম্নলিখিত পদের জন্য উপযুক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হইতে সত্বর আবেদনপত্র আহ্বান করিতেছে।

| POST | QUALIFICATION |
| --- | --- |
| Laboratory Technology | BMLT / DMLT |
| X-ray / CT Technologist | Diploma in Radio Diagnosis |
| ECG Technologist | Diploma in ECG |
| Receptionist | H.S./Graduate with Computer |
| Nursing Staff | Nursing pass from a recognised institute under WBNC |
| Marketing | Experienced candidates |

ইন্দিরাপল্লী, রঘুনাথগঞ্জ, জেলা : মুর্শিদাবাদ
Ph. No. : 03483-450116, 8293316098
E-mail ID : amarbinahealthcarepvtltd@gmail.com

Techno Speciality Media Pvt.Ltd.
সন্তোষপুর (যাদবপুর), কলকাতা- ৭০০০৭৫
Admission Open for Session 2025
অ্যানিমেশন * VFX
সিনেমার সাথে যুক্ত হয়ে হাতে-কলমে কাজ শিখে প্রতিষ্ঠিত হোন



Placement Guaranteed
যোগ্যতা : ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ ও স্নাতক
Bachelor in Animation & VFX
8274994192, 9046567905, 9038820925
www.teksm.com

ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সংস্থা দ্বারা অনুমোদিত, পুরস্কৃত ও প্রশংসিত

RGCTC ©
রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র

কম্পিউটার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে



NEW FRANCHISE AVAILABLE - GROW WITH US

বিশদে জানতে নিম্নলিখিত RGCTC স্টাডি সেন্টারে আজই যোগাযোগ করুন

| | | | | |
| --- | --- | --- | --- | --- |
| BANKURA | PURBA MEDINIPUR | PASCHIM BURDWAN | UTTAR DINAJPUR | COOCHBEHAR |
| GALIA: 9732012365 | CHANDIPUR : 9732916577 | KULTI : 9126242468 | ITAHAR : 6297790220 | NAZIRHAT: 9933433184 |
| BANKURA: 9734986502 | HERIA : 8972475067 | PASCHIM MEDINIPUR | KALIYAGANJ : 9475588756 | DAKSHIN DINAJPUR |
| HOOGHLY | BALAIPANDA : 9734392274 | BORAI : 8972475067 | HEMTABAD : 9434581134 | BALURGHAT : 7551054702 |
| DHANIAKHALI : 9933504610 | GOPINATHPUR : 8001871858 | MIDNAPUR : 9434161554 | RAIGANJ : 7001936051 | GOPALGANJ : 9647890506 |
| PURSURAH : 8327828308 | SOUTH 24 PARAGANAS | GHATAL : 8145306340 | RUPAHAR : 7679787688 | HARIRAMPUR : 8372014908 |
| TARAKESHWAR : 9641277477 | BAKHRAHAT : 9831949767 | HARIRAJPUR : 8348510367 | RAIGANJ : 7001608070 | PAGLIGANJ : 9593768298 |
| MALDA | JOYNAGAR : 9123911881 | NORTH 24 PARGANAS | CHAKULIA : 7908455216 | NADIA |
| CHANCHAL : 9434683673 | BUDGE BUDGE : 6291689289 | BARRACKPUR : 6289088685 | JHARGRAM | DHUBULIA : 8637557603 |
| MALDA TOWN : 7001669422 | GHATAKPUKUR : 9051128082 | SODEPUR : 9831409324 | JHARGRAM : 9635170976 | DEBAGRAM : 7098790003 |
| HOWRAH | MURSHIDABAD | RAJARHAT : 8017651129 | JALPAIGURI | |
| LILUAH : 9051404124 | BERHAMPORE : 9434666444 | | JALPAIGURI TOWN : 9749446885 | |
| | DOMKAL : 9734809909 | | MAYNAGURI : 9064335455 | |
| | RAGHUNATHGANJ : 7327023344 | | | |

এই সেন্টারগুলি ছাড়া আমাদের আর কোন স্টাডি সেন্টার নেই।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন : Website : WWW.RGCTC.COM +91 94349 09000

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

৮ ডিসেম্বর : বর্ষীয়ান অভিনেতা কল্যাণ চট্টোপাধ্যায় (৮৩ বছর) মারা গেলেন। অনেকদিন ধরে বার্ধক্যজনিত নানা জটিল রোগে ভুগছিলেন তিনি। তাঁর অভিনীত প্রথম চলচ্চিত্র তপন সিংহের 'আপনজন'। মোট ৪০০টিরও বেশি চলচ্চিত্রে অভিনয় করেছেন তিনি।

□ প্রথম এশীয় তথা সর্বকনিষ্ঠ হিসাবে, 'গ্লোবাল হিউম্যান সোসাইটি'র তরফ থেকে 'গ্লোবাল হিউম্যানিটেরিয়ান পুরস্কার' পেলেন 'বনতারা সংরক্ষণ কেন্দ্র'এর প্রতিষ্ঠাতা অনন্ত আম্বানি। বন্যপ্রাণী সুরক্ষা ও বিজ্ঞান ভিত্তিক সংরক্ষণ প্রচেষ্টায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

□ লেনদেনের পরিমাণের ভিত্তিতে ভারতের ইউপিআইকে বিশ্বের বৃহত্তম রিয়েল-টাইম পেমেন্ট সিস্টেম হিসাবে স্বীকৃতি দিল 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'। সেইসঙ্গে, এসিআই ওয়ার্ল্ডওয়াইড'এর 'প্রাইম টাইম ফর রিয়েল-টাইম ২০২৪' রিপোর্ট অনুসারে, বিশ্বব্যাপী রিয়েল-টাইম পেমেন্ট সিস্টেমের ৪৯% শেয়ার ও ১২৯.৩ বিলিয়ন লেনদেনের মাধ্যমে বিশ্বব্যাপী তালিকার শীর্ষে রয়েছে ইউপিআই।



বিশ্বের সর্বকনিষ্ঠ হিসাবে সরকারি ফিডে রেটিং অর্জন করে এক বিরল নজির গড়ল মধ্য প্রদেশের সাগর জেলার সর্বজ্ঞ সিংহ কুশওয়াহা। ৩ বছর ৭ মাস ২০ দিন বয়সে, ১,৫৭২ রেটিং নিয়ে বিশ্বের দাবা খেলায় জায়গা করে নিয়েছে সে। এর ফলে, পশ্চিমবঙ্গের অনীশ সরকারের রেকর্ড ভাঙল সে। ২০২৪ সালের নভেম্বরে, ৩ বছর ৮ মাস ১৯ দিন বয়সে এই মাইলফলক অর্জন করেছিল অনীশ।

৯ ডিসেম্বর : চেজ রিপাব্লিকের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন আন্দ্রেস বাবিস।

□ পূর্ব কলকাতা জলাভূমি এলাকার সংরক্ষিত জমির দাগ নম্বর জলাভূমি কর্তৃপক্ষের ওয়েবসাইটে ও সংবাদপত্রে প্রকাশ করার নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। বিচারপতি অমৃতা সিংহের নির্দেশ, জলাভূমি এলাকায় যেসব জমিতে নির্মাণকাজে নিষেধাজ্ঞা আছে, সেইসব জমির দাগ নম্বর পূর্ব কলকাতা জলাভূমি কর্তৃপক্ষের ওয়েবসাইটে আর ইংরিজি ও আঞ্চলিক ভাষার সংবাদপত্রে প্রকাশ করতে হবে। এর পাশাপাশি, ২০০৬ সালের জলাভূমি সংরক্ষণ আইন অনুযায়ী, অবৈধ নির্মাণের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ করবেন কর্তৃপক্ষ। নতুন কোনো বেআইনি নির্মাণের ক্ষেত্রে বিদ্যুৎ বা জলের সংযোগ দেওয়া যাবে না।

□ কোট্টায়ামের সিএমএস কলেজে, কেরলের প্রথম জেন-জেড পোস্ট অফিস এক্সটেনশন কাউন্টারের উদ্বোধন করল 'ইন্ডিয়া পোস্ট'। এই কাউন্টারটি কোনো সাধারণ ডাক পরিষেবা কেন্দ্র নয়। নতুনত্ব, সংস্কৃতি, স্থায়িত্ব, সৃজনশীলতা, আধুনিকতা, নান্দনিকতা ও আরাম — সবকিছুর মেলবন্ধন ঘটেছে এই কাউন্টারের নকশায়। এখানে রয়েছে প্রকৃতির থিমযুক্ত বসার জায়গা, চার্জিং পোর্ট-সহ কাজের উপযোগী পরিবেশ, বিনোদন ও বিশ্রাম কর্নার, সম্পূর্ণ সজ্জিত এমপিসিএম (মাল্টিপারপাস কাউন্টার মেশিন) কাউন্টার, কলেজের শিক্ষার্থীদের তৈরি শিল্পকর্ম। এখানকার মূল আকর্ষণ হল, আলোকিত 'ইন্ডিয়া পোস্ট' নিয়ন লোগো, যার চারপাশে হাতে লেখা মালয়লম বর্ণমালা ব্যবহার করা হয়েছে।

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।



বলিউড অভিনেত্রী রবিনা ট্যান্ডন'কে ২০২৫ সালের 'বর্ষসেরা ব্যক্তিত্ব' হিসাবে মনোনীত করল পেটা ইন্ডিয়া। মাংসবিহীন জীবনযাপন, বন্যপ্রাণী সুরক্ষা ও পশু কল্যাণের পক্ষে সোচ্চার ভূমিকার জন্য এই পুরস্কার পেলেন তিনি।

□ চোরাচালানের কাজে ব্যবহৃত বেলুনের কারণে লিথুয়ানিয়ার আকাশে উড়োজাহাজ চলাচলে বিঘ্ন ও জাতীয় নিরাপত্তায় ঝুঁকির কারণে জরুরি অবস্থা জারি করল দেশটি। দেশটির সরকার পার্লামেন্টকে অনুরোধ করেছে, সেনাবাহিনীকে পুলিশ ও সীমান্তরক্ষীদের সঙ্গে যৌথভাবে কাজ করার অনুমতি দেওয়ার জন্য।

১০ ডিসেম্বর : 'ফিনান্সিয়াল টাইমস গ্রুপ'এর মালিকানাধীন প্রকাশনা সংস্থা 'দ্য ব্যাঙ্কার'এর তরফ থেকে ২০২৫ সালের 'বর্ষসেরা বৈশ্বিক ব্যাঙ্ক' হিসাবে মনোনীত হল সিঙ্গাপুরের 'ডিবিএস ব্যাঙ্ক'। যুক্তরাজ্যের লন্ডনে আয়োজিত বার্ষিক 'ব্যাঙ্ক অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডস ২০২৫'এ অনুষ্ঠানে এই পুরস্কার দেওয়া হয়েছে। ২০১৮ ও ২০২১ সালের পর, এটি এই বিভাগে ডিবিএস'এর তৃতীয় বৈশ্বিক জয়।

□ ইউনেস্কো'র 'ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ অফ হিউম্যানিটি'র তালিকায় অন্তর্ভুক্ত হল 'দীপাবলি'। অর্থাৎ, ভারতের এই উৎসব এখন থেকে ইউনেস্কো'র 'ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজের অংশ। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২১ সালের ১৫ ডিসেম্বর এই স্বীকৃতি পেয়েছিল বাঙালির শ্রেষ্ঠ পুজো দুর্গাপুজো।

□ ভারতের প্রথম হাইড্রোজেন চালিত ট্রেন সেট তৈরি হয়ে গিয়েছে বলে ঘোষণা করলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। 'রিসার্চ, ডিজাইন অ্যান্ড স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন'এর মানদণ্ড মেনে পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি হয়েছে এই ট্রেন। এটি এই মুহূর্তে ব্রডগেজ লাইনে চলতে সক্ষম বিশ্বের দীর্ঘতম ও সবথেকে শক্তিশালী হাইড্রোজেন ট্রেন। যাতে রয়েছে ১০টি কামরা ও এর ক্ষমতা ২,৪০০ কিলোওয়াট। ট্রেনটি পরিবেশবান্ধব। হাইড্রোজেন ট্রেন একমাত্র জল বা জলীয় বাষ্প নির্গত করে। এই ট্রেন চললে কোনো কার্বন নিঃসরণ হয়না।

□ স্পেনকে পেনাল্টি শুট আউটে ৩-২ ব্যবধানে হারিয়ে, ২০২৫ সালে এফআইএইচ 'পুরুষদের জুনিয়র হকি কাপ' জিতল জার্মানি।

১১ ডিসেম্বর : 'গোল্ড কার্ড' ভিসা কর্মসূচি চালু করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এজন্য এরমধ্যেই অনলাইন (trumpcard.gov) আবেদন চালু হয়েছে। 'গোল্ড কার্ড' ভিসা মার্কিন যুক্তরাষ্ট্রে বৈধ বসবাসের সুযোগ দেবে ও ভবিষ্যতে নাগরিকত্ব পাওয়ারও সুযোগ আছে। এজন্য ব্যক্তিগতভাবে আবেদনকারীদের দিতে হবে ১ মিলিয়ন ডলার ও কর্পোরেট প্রতিষ্ঠানগুলিকে দিতে হবে ২ মিলিয়ন ডলার। এখন দেশটিতে চলমান ইবি-৫ ভিসার বদলে এটি চালু করা হচ্ছে, যা ১৯৯০ সালে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও চাকরি সৃষ্টির উদ্দেশ্যে চালু হয়েছিল।

□ ভারতের প্রথম শহর হিসাবে, হাইড্রোজেন চালিত জল ট্যাক্সি পরিষেবা চালু করল বারাণসী। নমো ঘাটে এই পরিষেবার উদ্বোধন হয়েছে। 'কোচিন শিপইয়ার্ড'এ তৈরি, এই জাহাজটি একটি হাইব্রিড ইলেক্ট্রিক হাইড্রোজেন ইঞ্জিনের মাধ্যমে চলে, যা পুরোপুরি দূষণমুক্ত। সোলার প্যানেল, বায়ো-টয়লেট ও সিসিটিভি দিয়ে সজ্জিত, এই জাহাজটি একসঙ্গে ৫০ জন যাত্রী বহন করতে পারে। এখন নমো ঘাট ও রবিদাস ঘাটের মধ্যে পরিচালিত এই পরিষেবাটির ভাড়া জনপ্রতি ৫০০ টাকা। ভবিষ্যতে অন্যান্য ঘাটেও এই পরিষেবা চালু করা হবে।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা'র সঙ্গে মঙ্গল গ্রহের কক্ষপথে থাকা গুরুত্বপূর্ণ মহাকাশযান 'ম্যাভেন'এর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। দীর্ঘ ১১ বছর সফল অভিযানের পর সম্প্রতি মহাকাশযানটির সঙ্গে পুরোপুরি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে 'নাসা'র। ২০১৩ সালে উৎক্ষেপণ করা 'ম্যাভেন' ২০১৪ সালের সেপ্টেম্বরে মঙ্গল গ্রহের কক্ষপথে প্রবেশ করে। এর মূল লক্ষ্য ছিল, মঙ্গল গ্রহের ওপরের বায়ুমণ্ডল ও সৌর বাতাস নিয়ে গবেষণা করা। বেশ কিছু নতুন তথ্য গত ১১ বছরে সংগ্রহ করেছে 'ম্যাভেন'।

□ 'ফিনান্সিয়াল টাইমস'এর একটি মর্যাদাপূর্ণ প্রকাশনা সংস্থা 'দ্য ব্যাঙ্কার'এর আয়োজিত 'ব্যাঙ্ক অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডস ২০২৫ - এশিয়া প্যাসিফিক'এ, 'ভারতের সেরা ব্যাঙ্ক' পুরস্কারে ভূষিত হল 'ব্যাঙ্ক অফ বরোদা'। দ্রুত রূপান্তর, উদ্ভাবনী ব্যাঙ্কিং পরিষেবা ও ভারতের আর্থিক ব্যবস্থাকে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে ব্যাঙ্কটির ক্রমবর্ধমান ভূমিকার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা।

□ প্রথম 'কমনওয়েলথ খো খো চ্যাম্পিয়নশিপ' আয়োজন করবে ভারত। ২০২৬ সালের ৯ মার্চ থেকে ১৪ মার্চ পর্যন্ত হবে এই প্রতিযোগিতা। এশিয়া, ইউরোপ, আফ্রিকা, ওশেনিয়া ও আমেরিকা মহাদেশের ২৪টিরও বেশি কমনওয়েলথ দেশ এই চ্যাম্পিয়নশিপে অংশ নেবে।

১২ ডিসেম্বর : মার্কিন যুক্তরাষ্ট্রের প্রভাবশালী সাময়িকী 'টাইম'এর বিচারে, ২০২৫ সালে 'বর্ষসেরা ব্যক্তিত্ব' হিসাবে স্বীকৃতি পেলেন কৃত্রিম বুদ্ধিমত্তার স্থপতিরা। এবার একক কোনো ব্যক্তিকে বর্ষসেরা ব্যক্তিত্ব হিসাবে নির্বাচন করা হয়নি। 'টাইম' সাময়িকী জানিয়েছে, ২০২৫ সাল ছিল এআইয়ের জন্য যুগান্তকারী একটি বছর। ওই বছর এআই প্রযুক্তি অপ্রতিরোধ্যভাবে মানুষের সামনে এসেছে। এআইয়ের স্থপতিরা এমন এক যুগ উপহার দিয়েছেন, যখন যন্ত্র মানুষের মতো চিন্তা করতে পারছে।

□ ২০২৫ সালের পাসপোর্ট সূচক প্রকাশ করল কানাডার বৈশ্বিক আর্থিক পরামর্শদাতা প্রতিষ্ঠান 'আর্টন ক্যাপিটাল'। এই সূচক অনুযায়ী, টানা সপ্তম বছরের জন্য বিশ্বের সবথেকে শক্তিশালী পাসপোর্ট হিসাবে নিজেদের অবস্থান ধরে রেখেছে সংযুক্ত আরব আমিরশাহী। দেশটির সামগ্রিক মোবিলিটি স্কোর ১৭৯, যা দিয়ে ১২৬টি দেশে ভিসা ছাড়াই প্রবেশ করা যায়। দ্বিতীয় স্থানে রয়েছে সিঙ্গাপুর ও স্পেন, যাদের স্কোর ১৭৫। ৭৪ স্কোর নিয়ে বিশ্বব্যাপী ৬৭ তম অবস্থানে রয়েছে ভারত, যা ৭৪টি দেশে ভিসা-মুক্ত প্রবেশের অনুমতি দেয়।

□ 'প্রোজেক্ট সানক্যাচার' নামে একটি গবেষণা প্রকল্প ঘোষণা করেছে টেক জায়ান্ট 'গুগল'। এই প্রকল্পটির লক্ষ্য হল, সৌরশক্তিচালিত স্যাটেলাইটে টেনসর প্রসেসিং ইউনিট স্থাপন করে মহাকাশে এআই ডাটা সেন্টার তৈরি করা। গুগলের মতে, এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল পরিবেশবান্ধব ও অবিরাম শক্তির উৎস তৈরি করা। কারণ পৃথিবীতে এআই ডাটা সেন্টার প্রচুর বিদ্যুৎ ও জল খরচ করে, যা পরিবেশ ও বিদ্যুতের খরচ বাড়ানোর উদ্বেগ তৈরি করছে। গুগল ঘোষণা করেছে, ২০২৭ সাল থেকেই মহাকাশে সৌরশক্তিচালিত স্যাটেলাইট দিয়ে এআই প্রসেসিং শুরু করবে।

□ ২০ বছর পর 'মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন'এর নাম বদল হল। এই প্রকল্পের নতুন নাম হল 'পুজ্য বাপু গ্রামীণ রোজগার গ্যারান্টি'। শুধু তাই নয়, এতদিন এই প্রকল্পে ন্যূনতম কাজের দিন ছিল ১০০। এখন তা বাড়িয়ে করা হয়েছে ১২৫। অর্থাৎ, এবার থেকে বছরে এই যোজনার আওতায় অন্তত ১২৫ দিনের কাজ দেওয়া হবে। যার জন্যে দেওয়া হবে ন্যূনতম ২৪০ টাকা। এই প্রকল্পের প্রাথমিক লক্ষ্য হল, গ্রামীণ ভারতের অদক্ষ নাগরিকদের জীবিকার নিরাপত্তা বাড়ানো।

১৩ ডিসেম্বর : রাজস্থানের আলোয়ার জেলার 'সিলিসের হ্রদ'কে একটি রামসর সাইট হিসাবে ঘোষণা করা হল। এটি হল রাজস্থানের পঞ্চম তথা দেশের ৯৬ তম আন্তর্জাতিক গুরুত্বের জলাভূমি। এছাড়াও, ছত্তিশগড়ের বিলাসপুর জেলার 'কোপরা জলাশয়' রামসর সাইট হিসাবে ঘোষিত হল। এটি ছত্তিশগড়ের প্রথম রামসর সাইট।

□ দুই বিশ্বকাপজয়ী তারকা যুবরাজ সিং ও হরমনপ্রীত কৌর'এর নামে নিউ চণ্ডীগড়ের মুল্লানপুরের 'মহারাজা যাদবেন্দ্র সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম'এর দু'টি স্ট্যান্ডের নামকরণ করা হল। ভারত বনাম দক্ষিণ আফ্রিকা দ্বিতীয় টোয়েন্টি-২০ ম্যাচের আগে দু'টি স্ট্যান্ডের নামকরণ করেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান।

□ কলকাতার লেকটাউনে শ্রীভূমি স্পোর্টিং ক্লাবে লিওনেল মেসি'র ৭০ ফুট উঁচু একটি লোহার মূর্তি স্থাপিত হল। ভার্চুয়ালি এই মূর্তি নিজেই উদ্বোধন করেন মেসি। মূর্তিটির উচ্চতা ৫৩ ফুট। মঞ্চে বসানোর পর এটির উচ্চতা দাঁড়িয়েছে ৭০ ফুট। মোট ৪৩ জন শিল্পী এই মূর্তি তৈরিতে কাজ করেছেন। বিশ্বে মেসির এত বড় আর কোনো মূর্তি নেই।

□ ডব্লুডব্লুই থেকে অবসর নিলেন কিংবদন্তি মার্কিনি পেশাদার কুস্তিগির জন সিনা। এদিন, ওয়াশিংটন ডিসি'তে 'স্যাটারডে নাইটস মেইন ইভেন্ট'এ নিজের শেষ ম্যাচে গান্থারের কাছে হেরে কেরিয়ারে ইতি টানেন তিনি। গোটা কেরিয়ারে সিনা'র ঝুলিতে রয়েছে ১৭টি বিশ্ব চ্যাম্পিয়নের শিরোপা। এর মধ্যে ১৪ বার ডব্লুডব্লুই চ্যাম্পিয়ন ও ৩ বার ওয়ার্ল্ড হেভিওয়েট চ্যাম্পিয়ন হয়েছেন তিনি।

১৪ ডিসেম্বর : ২০২৫ সালের জন্য রাষ্ট্রসঙ্ঘের পরিবেশ কর্মসূচির 'চ্যাম্পিয়ন্স অফ দ্য আর্থ' পুরস্কারে ভূষিত হলেন আইএএস অফিসার সুপ্রিয়া সাহু। রাষ্ট্রসঙ্ঘের দেওয়া সর্বোচ্চ পরিবেশগত সম্মান এটি। নাইরোবিতে এক অনুষ্ঠানে, 'ইন্সপিরেশন অ্যান্ড অ্যাকশন' বিভাগে এই পুরস্কার পেলেন তিনি। প্লাস্টিকের ব্যবহার কমানো, বন্যপ্রাণী সংরক্ষণ ও জলবায়ু স্থিতিস্থাপকতা বিষয়ে বিভিন্ন উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে অসামান্য ভূমিকা নেওয়ার জন্য এই পুরস্কার পেলেন তিনি।

'প্রেস ক্লাব অফ ইন্ডিয়া'র প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন সিনিয়র সাংবাদিক সঙ্গীতা বরুয়া পিশারোটি।



□ ২০২৫ সালে 'জাতীয় শক্তি সংরক্ষণ পুরস্কার'এ ভূষিত হল মধ্য প্রদেশের গুনা জেলার 'মিয়ানা রেলওয়ে স্টেশন'। অসামান্য শক্তি সাশ্রয়ী প্রচেষ্টার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। এলইডি আলো, বিএলডিসি ফ্যান ও স্মার্ট লাইটিং সিস্টেমের মাধ্যমে ৯,৬৮৭ ইউনিট বিদ্যুৎ সাশ্রয় করেছে স্টেশনটি। পরিবহণ বিভাগে (রেলওয়ে স্টেশন) সেরা পারফর্মিং ইউনিট হিসাবে তাদের এই পুরস্কার দেওয়া হয়েছে। 'জাতীয় শক্তি সংরক্ষণ দিবস'এ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই পুরস্কার দেন। স্টেশনের তরফ থেকে এই পুরস্কার নেন ওয়েস্ট সেন্ট্রাল রেলওয়ের জেনারেল ম্যানেজার শোভনা বন্দ্যোপাধ্যায়।

□ ভারতে প্রথম স্ট্রোকের চিকিৎসার জন্য, 'সুপারনোভা স্টেন্ট' নামক একটি দেশীয় ডিভাইসের ক্লিনিক্যাল ট্রায়াল পরিচালনা করল এইমস, নয়াদিল্লি। এটিই দেশের প্রথম স্ট্রোক ডিভাইস, যা একটি দেশীয় ক্লিনিক্যাল ট্রায়ালের ভিত্তিতে অনুমোদন দেওয়া হয়েছে। তারা জানিয়েছে, ডিভাইসটি ভারতীয় পরিবেশের জন্য তৈরি করা হয়েছে, যেখানে পশ্চিমের দেশগুলির তুলনায় কম বয়সেই স্ট্রোক হচ্ছে। সুপারনোভা স্টেন্টটি এখন দেশীয়ভাবে তৈরি করা হবে। এটি প্রতি বছর স্ট্রোকের শিকার হওয়া ১৭ লাখেরও বেশি মানুষকে সাহায্য করবে।

□ হংকংকে ৩-০ ব্যবধানে হারিয়ে, ২০২৫ সালে প্রথমবারের মতো ডব্লুএসএফ 'স্কোয়াশ বিশ্বকাপ' জিতে ইতিহাস গড়ল ভারত। জ্যোৎস্না চিনাপ্পা, অভয় সিং ও অনাহত সিংয়ের অসাধারণ পারফরম্যান্স ভারতের এই শিরোপা নিশ্চিত করেছে।

১৫ ডিসেম্বর : ইতালির ঐতিহ্যবাহী খাবার বা 'ইতালিয়ান কুইজিন'কে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসাবে স্বীকৃতি দিল 'ইউনেস্কো', যার মধ্যে রয়েছে পাস্তা, মোজারেলা, ওয়াইন ও তিরামিসু-সহ অন্যান্য ইতালীয় খাবার। ইতালিই হল বিশ্বের প্রথম দেশ, যারা তাদের খাদ্য সংস্কৃতির জন্য এমন সম্মানজনক স্বীকৃতি পেল। দিল্লিতে, ইউনেস্কোর সাংস্কৃতিক সম্মেলনে এই ঘোষণা করা হয়।

□ ৬৮ তম 'জাতীয় শুটিং চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ২৫ মিটার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন মানু ভাকের ও সিমরনপ্রীত কৌর ব্রার। মানু ভাকের সিনিয়র মহিলাদের ২৫ মিটার স্পোর্টস পিস্তল বিভাগে জিতেছেন। অন্যদিকে, সিমরনপ্রীত কৌর ব্রার জুনিয়র মহিলাদের ২৫ মিটার স্পোর্টস পিস্তল বিভাগে জিতেছেন।

এরপর ১০ পাতায়

# পশ্চিমবঙ্গ সরকার

## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত যুবক-যুবতীদের

## যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে সরকারী (গ্রুপ- বি/সি/ডি) চাকরির পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ১০/০৩/২০২৬**

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. জাতিগত সংশয়পত্র থাকা আবশ্যক। 2. পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ : ৩,০০,০০০/-। 3. প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

- গ্রুপ-বি পদের জন্য : গ্র্যাজুয়েট পাশ হতে হবে।
- গ্রুপ-সি পদের জন্য : মাধ্যমিক বা সমতুল পাশ হতে হবে।
- গ্রুপ-ডি পদের জন্য : অষ্টম শ্রেণী পাশ হতে হবে।

### জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Barasat | District Library | 8972254269 |
| 2 | 24 Parganas (South) | Baruipur | Rashmoni Balika Vidyalaya | 8972254268 |
| 3 | Bankura | Bankura Town | Bankura Zilla Saradamani Mahila Mahavidyapith | 8972254282 |
| 4 | Howrah | Howrah | Howrah Vivekananda Institution | 8972254255 |
| 5 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 8972254247 |
| 6 | Paschim Bardhaman | Asansol | Asansol District Library | 8972254248 |
| 7 | Purba Bardhaman | Purba Bardhaman | Udaychand Library | 8972254263 |
| 8 | Paschim Medinipore | Medinipore Town | Rajnarayan Basu Smriti Pathagar | 8972254277 |
| 9 | Purba Medinipore | Tamluk | Sahid Matangini Hazra Govt. Gen. Degree College for Women | 8972254273 |
| 10 | Purulia | Purulia Town | Purulia Zilla School | 8972254402 |
| 11 | Alipurduar | Alipurduar | Alipurduar Gobinda High School (H.S.) | 8972254445 |
| 12 | Birbhum | Suri | Benimadhab Institution | 8972254423 |
| 13 | Coochbehar | Coochbehar Town | North Bengal State Library | 8972254458 |
| 14 | Uttar Dinajpur | Raiganj | Government District Library | 8972254472 |
| 15 | Dakshin Dinajpur | Balurghat Town | ITDA Building | 8972254476 |
| 16 | Darjeeling | Darjeeling Town | Hindi High School | 8972254490 |
| 17 | Jalpaiguri | Jalpaiguri Town | Ananda Model High School (H.S.) | 8972254434 |
| 18 | Kalimpong | Kalimpong | Kalimpong District Library | 8001377249 |
| 19 | Malda | Malda Town | Malda Sahapur High School | 8972254516 |
| 20 | Nadia | Krishnagar | Krishnagar AV High School | 8972254509 |
| 21 | Murshidabad | Berhampore | District Library | 8972254309 |
| 22 | Kolkata | Kolkata | Park Circus High School | 7003706279 |
| 23 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 8972254519 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও https://wbbcdev.webstep.in - এ পাওয়া যাবে।

10/03/2026 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।

অথবা Online এ application করতে হবে : - https://wbbcdev.webstep.in

Scan to Apply Online

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

Head Office:
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদে জানতে যোগাযোগ করুন
6289961007
8910947497

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## ডাক বিভাগের

■ *গ্রামীণ ডাক সেবক পদে কীভাবে প্রার্থী বাছাই হয়? কোনো লিখিত পরীক্ষা হয় কি, না সরাসরি প্রার্থী বাছাই হয়? সিলেক্ট হলেই কি চাকরি পাওয়া যায়? এটি কি স্থায়ী চাকরি? প্রতি বছরই কি এই পদে লোক নিয়োগ হয়? — কুন্তল ঘোষ, বেড়াবেড়ি, সিঙ্গুর, হুগলি। জয়ন্ত দাস, আমতা, হাওড়া।*

■■ গ্রামীণ ডাক সেবক পদের জন্য প্রার্থী বাছাই হয় মাধ্যমিকে পাওয়া নম্বরের ওপর ভিত্তি করে। এই পদের জন্য কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হয় না। যে কেন্দ্রে দরখাস্ত করবেন, সেই কেন্দ্রের মেরিট লিস্ট আলাদা হয়। সর্বভারতীয় বা, জেলাভিত্তিক মেরিট লিস্ট এখানে হয় না। এই পদে ৩ বছর চাকরি করার পর ডিপার্টমেন্টাল পরীক্ষা দিয়ে প্রোমোশন পেয়ে ডায়রেক্ট পোস্ট অফিসের কর্মী হওয়ার সুযোগ আছে। কেন্দ্রীয় সরকারি কর্মীদের মতোই বেসিক মাইনের সঙ্গে মহার্ঘ ভাতাও দেওয়া হয়। গ্রামীণ ডাক সেবক পদের জন্য কোনো পেনশন নেই। চাকরির শেষে এককালীন টাকা দেওয়া হয়। গত কয়েক বছর সাধারণত প্রতিবছরই এই পদে দরখাস্ত নেওয়া হচ্ছে।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য ও.বি.সি. সার্টিফিকেট কি কেন্দ্রীয় ও.বি.সি. সার্টিফিকেট হতে হবে? — অভিজিৎ মাটি, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, কেন্দ্রীয় ও.বি.সি. সার্টিফিকেট থাকতে হবে।

■ *রেলে গ্রুপ-ডি পদে কি প্রতিবছরই লোক নিয়োগ করা হয়? — সায়ন্তন বিশ্বাস, হুগলি।*

■■ রেলের পূর্ব ঘোষণা অনুযায়ী প্রতি বছরই এখন গ্রুপ-ডি পদে দরখাস্ত নেওয়া হচ্ছে।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণির ডকুমেন্টস ভেরিফিকেশন ও ইন্টারভিউ কবে হবে? — মধুরিমা মন্ডল, সরিষা, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *স্কুল সার্ভিস কমিশনের ওয়ার্ক এডুকেশন বিষয়ের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন স্টাডি সেন্টার ভারত সেবাশ্রম সংঘের পি.আই.টি.এম. অনুমোদিত টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং ও নিডল ওয়ার্কের কোর্স পাশ করলে ওয়ার্ক এডুকেশন বিষয়ের জন্য যোগ্য কি? — দীপ ভৌমিক, দেউলটি, বাগনান, হাওড়া।*

■■ কর্মশিক্ষা বিষয়ের জন্য নিচের যে কোনো একটি যোগ্যতা থাকা দরকার : (ক) ইউ.জি.সি.'র স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ন্যাশনাল কাউন্সিল ফর টিচার্স এডুকেশন (এন.সি.টি.ই.)'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট বেসিক ট্রেনি (পি.জি.বি.টি.) কোর্স কিংবা এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি. এড. কোর্স পাশ হলে যোগ্য।

(খ) গ্র্যাজুয়েটরা আর্ট অ্যান্ড ক্র্যাফটের ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য।

(গ) গ্র্যাজুয়েটরা টেলারিং অ্যান্ড নিডল ওয়ার্কের ডিপ্লোমা /ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য।

(ঘ) গ্র্যাজুয়েটরা ওয়ার্ক এডুকেশনের ২ বছরের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদনের যোগ্য।

(ঙ) হোম সায়েন্স /অ্যাগ্রিকালচারের ডিগ্রি কিংবা কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি /সফটওয়্যার সিস্টেমের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য।

(চ) গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে অন্তত ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকলে আবেদনের যোগ্য।

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের পরীক্ষার কাট অফ নম্বর কত হতে পারে? — মৃগাঙ্কশেখর অধিকারী, চম্পাহাটী, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এ বিষয়ে এখনই কিছু জানানো যাবে না।

■ *নবম-দশমের শিক্ষক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? স্নাতকে ৫৩% নম্বর আছে। কিন্তু মোট ৫০% নম্বর নেই। বি.এড. করা আছে। আপার প্রাইমারি ও নবম-দশম শ্রেণির পরীক্ষা দিতে পারব কি? — ঝন্টু প্রামাণিক।*

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের বেলায় অর্থাৎ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য।

## পুলিশে চাকরির

■ *২০২৪ সালের কলকাতা পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? — গোবিন্দ বাস্কে, পিঠালী, কাঁটাদিহি, পুরুলিয়া।*

■■ মার্চের প্রথম দিকেই ফল বেরোনোর সম্ভাবনা আছে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কি বেরোবে? ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের যে ইন্টারভিউ হল, তার চূড়ান্ত ফল কবে বেরোবে? — মিজানুর রহমান, মুর্শিদাবাদ।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোনোর কথা আছে। ২০২৪ সালের কনস্টেবল পদের চূড়ান্ত ফল এ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি.'র মাধ্যমে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি বেরিয়েছে? যোগ্যতা কি লাগে? পরীক্ষা পদ্ধতি জানাবেন। — পুষ্পিতা চ্যাটার্জী, কালনা, পূর্ব বর্ধমান।*

■■ যে বিষয়ের শিক্ষক হতে চান, সেই বিষয়ের দ্বিতীয় শ্রেণির অনার্স বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য। সব ক্ষেত্রে বি.টি. কিংবা বি.এড. কোর্স পাশ হতে হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা পদ্ধতির বদল হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্য পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

■ *পলিটেকনিক কলেজের লেকচারার ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রার্থী বাছাই কীভাবে হয়? পিএইচ.ডি. করা থাকলে সুবিধা পাওয়া যায় কি? — রেজাউল হোসেন, হরিদাস রায় রোড, শান্তিপুর, নদিয়া। দীপক দাস, শান্তিপুর, নদিয়া।*

■■ পলিটেকনিক কলেজের লেকচারার পদের জন্য এবছর শেষের দিকে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে। ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট /লিখিত পরীক্ষার মাধ্যমে। পিএইচ.ডি. করা থাকলে অতিরিক্ত সুবিধা পাবেন না।

■ *পি.এস.সি.'র মাধ্যমে ফায়ার অপারেটর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী থাকে? এই পদে বয়স কি বাড়ানো হবে? — বিশাল খামরুই, কুমারিয়া, রসপুর, আমতা, হাওড়া। সজল দাস, পূর্ব মেদিনীপুর।*

■■ মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। আই.টি.আই. থেকে সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা কোনো ক্লাব / ইনস্টিটিউট থেকে সাঁতারের (সুইমিং) সার্টিফিকেট কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ৫ ফুট ৬ ইঞ্চি। বুকের ছাতি না ফুলিয়ে ৩২ ইঞ্চি আর ফুলিয়ে ৩৪ ইঞ্চি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা, এন্ডিওরেন্স টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে শারীরিক মাপজোখের পরীক্ষা। তারপর এন্ডিওরেন্স টেস্ট। এই টেস্টে নিচের যে কোনো ৪টি ইভেন্টে সফল হতে হবে : (ক) ৫ মিনিটে ১,০০০ মিটার দৌড়, (খ) ২০ সেকেন্ডে মই নিয়ে ওপরে ওঠা, (গ) ৬৩.৫ কেজি ওজনের বালির বস্তা নিয়ে ৫০ মিটার দূরত্ব বহন করা, (ঘ) ১ মিনিটে ৩ তলা বিল্ডিংয়ে সিঁড়ি দিয়ে ওপরে ওঠা, (ঙ) হাতের ওপর ভর দিয়ে ৬০ সেকেন্ডে দড়ি বেয়ে ওপরে ওঠা, (চ) ১.২২ মিটার হাই জাম্প। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

## অন্যান্য চাকরির

■ *পঞ্চায়েতে নিয়োগের পোর্টাল খুলবে কি? — তাপস নস্কর, গড়িয়া, কলকাতা-৮৪।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *'যুবসাথী' প্রকল্পে আমার ছেলের নামে সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে। কিন্তু নমিনি আছে ওর মায়ের নামে। অ্যাকাউন্টে শুধু ছেলের নাম আছে। অসুবিধা হবে কি? — সমীর ঘোষ, বেড়াবেড়ি, ঘোষপাড়া, মন্দিরতলা, হুগলি।*

■■ না, অসুবিধা হবে না।

■ *যাঁরা 'কৃষকবন্ধু'র টাকা পেয়ে থাকেন, তাঁরা কি 'যুবসাথী' প্রকল্পের টাকা পাবেন? — ঋষভ হালদার, মির্জানগর, ধনিয়াখালি, হুগলি।*

■■ না।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কনস্টেবল (জি.ডি.) পদের যে পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি থেকে হওয়ার কথা ছিল, তা স্থগিত হয়েছে। নতুন পরীক্ষার তারিখ কি ঠিক হয়েছে? — সুনীতা তরফদার, করিমপুর, নদিয়া।*

■■ না, তারিখ ঠিক হয়নি।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| আর্মিতে অগ্নিবীর | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| আর্মিতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক ফার্মাসি | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| এইমস-এ নার্সিং অফিসার | B.Sc নার্সিং জি.এন.এম. | - | ১৬-৩-২৬ | www.aiimsexams.ac.in |
| এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি | এন.সি.সি. | ৭০ | ১৬-৩-২৬ | www.joinindianarmy.nic.in |
| MBBS, BDS, বি.এসসি নার্সিং কোর্স ভরতি | উচ্চমাধ্যমিক | - | ৮-৩-২৬ | www.ntaneet.nic.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫০ | ৮-৩-২৬ | www.rbi.org.in |
| নর্দার্ন কোলফিল্ডে ফোরম্যান | ডিপ্লোমা | ২৭০ | ৫-৩-২৬ | www.nclcil.in |
| এন.বি.সি.সি. ইন্ডিয়ায় জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, | ৩৫ | ৫-৪-২৬ | www.nbccindia.in |
| DSSSB-তে জুনিয়র ইঞ্জিনিয়ার, সেকশন অফিসার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৮৯৭ | ২৫-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| UPSC-র CAPF (AC) পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ৩৪৯ | ১২-৩-২৬ | www.upsconline.nic.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| স্কুল সার্ভিস গ্রুপ-ডি পরীক্ষা | ৮ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| রেলে NTPC গ্র্যাজুয়েট লেভেল CBT পরীক্ষা | ১৬-২৭ মার্চ | www.rrbkolkata.gov.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| স্টেট ব্যাঙ্কের সার্কেল বেসড অফিসার পদের পরীক্ষা | মার্চে হবে | https://sbi.bank.in |
| প্রাইমারি টিচার পদে নদিয়া, মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ১০ মার্চ থেকে ২৯ মে | https://www.wbbpeonline.com |

# স্কুল সার্ভিস গ্রুপ 'ডি'

## চটপট উত্তরের কৌশল

## স্কুল সার্ভিস গ্রুপ 'ডি'



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ৪৫ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর, অভিজ্ঞতা / ওরাল ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর। লিখিত পরীক্ষা হবে ৮ মার্চ। ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **চঞ্চল ঘোষ।**

1. গ.সা.গু. বের করুন :

$\frac{3}{5}$, 0.36, 0.24

(A) 0.04 (B) 2 (C) 0.4 (D) এদের কোনোটিই নয়

2. দু'টি সংখ্যার গুণফল 2160 ও তাদের গ.সা.গু. 6 হলে, সংখ্যাদু'টির গ.সা.গু. ও ল.সা.গু.-এর অনুপাত কত?

(A) 20 : 7 (B) 1 : 60 (C) 60 : 1 (D) 7 : 20

3. প্রথম কয়টি মৌলিক সংখ্যার সমষ্টি 100.

(A) 7 (B) 9 (C) 11 (D) 13

4. চারটি সংখ্যার মধ্যে প্রথম সংখ্যা, দ্বিতীয় সংখ্যার দ্বিগুণ, দ্বিতীয় সংখ্যা, তৃতীয় সংখ্যার তিনগুণ ও তৃতীয় সংখ্যা, চতুর্থ সংখ্যার অর্ধেক হয়। যদি ওইসব সংখ্যাগুলির গড় 45 হয়, তবে প্রথম সংখ্যাটি কত হবে?

(A) 45 (B) 108 (C) 90 (D) 60

5. 3 ও 192-এর মধ্য-সমানুপাতী কত?

(A) 24 (B) 26 (C) 22 (D) 28

6. একটি সমিতিতে পুরুষ ও মহিলা সদস্যের অনুপাত 5 : 4, ওই সমিতিতে আরো 45 জন মহিলা সদস্য যোগ দেওয়ায় পুরুষ ও মহিলার অনুপাত আগের বিপরীত হয়। সমিতিতে পুরুষ সদস্যের সংখ্যা কত?

(A) 175 (B) 100 (C) 125 (D) 120

7. একটি পরিবারে চাল, মাছ ও তেলের জন্য খরচ হয় 12 : 17 : 3 অনুপাতে। জিনিসগুলির মূল্য যথাক্রমে 20%, 30% ও 50% বাড়লে, পরিবারের খরচ বাড়বে —

(A) $14\frac{1}{8}$ % (B) $7\frac{1}{8}$ %

(C) $28\frac{1}{8}$ % (D) $56\frac{1}{8}$ %

8. প্রকৃত সংখ্যা n-এর জন্য $(n^3 - n)$ সর্বদা কোন বৃহত্তম সংখ্যা দিয়ে বিভাজ্য হবে?

(A) 3 (B) 6 (C) 12 (D) 18

9. একটি শুঁয়োপোকা মাটি থেকে 75 ইঞ্চি উঁচু একটি খুঁটি বেয়ে উঠছে। দিনের বেলায় সে 5 ইঞ্চি ওপরে ওঠে, আবার রাতের বেলায় 4 ইঞ্চি করে নেমে যায়। তাহলে সে খুঁটির ওপরে প্রথম কখন পৌঁছবে?

(A) 75তম দিন (B) 72তম দিন

(C) 71তম দিন (D) 70তম দিন

10. কয়েকজন ভিখারিকে 6 পয়সা করে দিলে, কৌশিকের কাছে আর 7 পয়সা বেশি থাকে। আবার প্রত্যেককে 8 পয়সা করে দিলে 5 পয়সা কম পড়ে। ভিখারির সংখ্যা কত?

(A) 5 (B) 8 (C) 7 (D) 6

11. 'জোয়ারের জলে পুষ্ট অরণ্য' — এর অন্য নাম কী?
(A) নিরক্ষীয় চিরহরিৎ অরণ্য (B) মৌসুমী অরণ্য (C) ম্যানগ্রোভ অরণ্য (D) সরলবর্গীয় অরণ্য

12. 'ঘনাদা' চরিত্রটি কোন সাহিত্যিকের বিখ্যাত সৃষ্টি?
(A) নারায়ণ গঙ্গোপাধ্যায় (B) নারায়ণ সান্যাল (C) প্রেমেন্দ্র মিত্র (D) শিবরাম চক্রবর্তী

13. সম্প্রতি কোন রাজ্যের 'সারন্দা বন'কে বন্যপ্রাণী অভয়ারণ্য হিসাবে ঘোষণা করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট?
(A) পশ্চিমবঙ্গ (B) ঝাড়খণ্ড (C) অসম (D) বিহার

14. একটি ডিজিট্যাল কম্পিউটার কোন নীতির ওপর নির্ভরশীল?
(A) বাইনারি নম্বর সিস্টেম (0 ও 1) (B) বীজগণিতের সূত্র (C) ক্যালকুলাস (D) কোনোটিই নয়

15. পশ্চিমবঙ্গের একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় হল —
(A) রবীন্দ্রভারতী (B) বিশ্বভারতী (C) কলকাতা বিশ্ববিদ্যালয় (D) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়

16. ভারত ও মায়ানমারের মধ্যে কোন পর্বতশ্রেণী অবস্থিত?
(A) জয়ন্তিয়া (B) নামচা বারোয়া (C) খাসি (D) তুরা

17. 'সুন্দরবনের আতঙ্ক' বলা হয় কোন নদীকে?
(A) মাতলা (B) ঠাকুরান (C) দামোদর (D) বিদ্যাধরী

18. ক্রান্তীয় তৃণভূমিকে কী বলা হয়?
(A) পম্পাস (B) লানোস (C) সাভানা (D) ভেল্ড

19. ভারতীয় সংবিধানের কোন ধারায় অর্থবিল সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়েছে?
(A) 110 (B) 111 (C) 112 (D) 113

20. রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর এখন কে?
(A) অমিতাভ ঘোষ (B) শক্তিদাস দাস (C) উর্জিত প্যাটেল (D) সঞ্জয় মলহোত্রা

21. ব্রহ্মপুত্রের উৎপত্তিস্থল তিব্বত, সেখানে এটি কোন নামে পরিচিত?
(A) সাংপো (B) ডিহং (C) ডিবং (D) লোহিত

22. নিচের কোন নৃত্যটি লোকনৃত্য নয়?
(A) মোহিনীয়াট্টম (B) রাউফ (C) ঘুমর (D) লাভানি

23. ভারতের সংবিধান কার মাধ্যমে গৃহীত হয়?
(A) ভারতের জাতীয় কংগ্রেস (B) ভারতীয় লীগ (C) ভারতের গণপরিষদ (D) সংসদ

24. কোন দিনটিতে 'বিশ্ব জনসংখ্যা দিবস' পালন করা হয়?
(A) 5 জুলাই (B) 11 জুলাই (C) 11 জুন (D) 7 জানুয়ারি

25. নিচের কোন বাঙালি ব্যক্তিত্ব প্রথম 'জ্ঞানপীঠ পুরস্কার' পেয়েছিলেন?
(A) মহাশ্বেতা দেবী (B) সুভাষ মুখোপাধ্যায় (C) আশাপূর্ণা দেবী (D) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

26. 'নেহেরু ট্রফি' কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) হকি (B) ফুটবল (C) নৌকা বাইচ (D) ব্যাডমিন্টন

27. চোলদের রাজধানী কোথায় ছিল?
(A) কাবেরিপট্টিনম (B) কাঞ্চি (C) নাগাপত্তনম (D) তাঞ্জাভুর


28. 2032 সালে 'গ্রীষ্মকালীন অলিম্পিক' কোন দেশে হবে?
(A) ফ্রান্স (B) ভারত (C) মার্কিন যুক্তরাষ্ট্র (D) অস্ট্রেলিয়া

29. 'ফায়ারওয়াল' (Firewall) কী?
(A) নেটওয়ার্ক নিরাপত্তা ব্যবস্থা (B) অপারেটিং সিস্টেম (C) কম্পিউটার ভাইরাস (D) হার্ডওয়্যার ডিভাইস

30. 'অমৃতবাজার পত্রিকা' কে প্রতিষ্ঠা করেন?
(A) গিরিশচন্দ্র ঘোষ (B) শিশির কুমার ঘোষ (C) এস.এন. ব্যানার্জি (D) হরিশচন্দ্র মুখোপাধ্যায়

31. পরবর্তী বর্ণটি নির্ণয় করুন —
S, P, O, R, ?, T, G, V, C, X
(A) J (B) L (C) O (D) K

32. নিচের কোন ভেনচিত্রটি 'মাছ, কুমির, তিমি' — এদের মধ্যে সম্পর্ককে নির্দেশ করে?




(A) (B) (C) (D)

33. একজন স্ত্রীলোক কোনো ব্যক্তির দিকে তাকিয়ে বললেন, 'তাঁর স্ত্রী হলেন, আমার বাবার একমাত্র কন্যা', ব্যক্তিটির সঙ্গে স্ত্রীলোকটির সম্পর্ক কী?
(A) কাকা (B) ভাই (C) শ্বশুর (D) স্বামী

34. একজন ব্যক্তি যোগব্যায়াম করছে তার মাথা নিচের দিকে ও পা ওপরের দিকে রেখে। তার মুখ রয়েছে পশ্চিম দিকে। ব্যক্তিটির বাম হাত কোনদিকে থাকবে?
(A) উত্তর (B) দক্ষিণ (C) পূর্ব (D) পশ্চিম

35. নিচের শব্দগুলিকে ডিকশনারির ব্যবস্থাপনা অনুযায়ী সাজিয়ে দিন?
(1) Wound (2) Writer (3) Whither (4) Worst (5) Worked
(A) 5, 3, 2, 1, 4 (B) 1, 4, 3, 5, 2 (C) 3, 5, 4, 1, 2 (D) 2, 1, 3, 4, 5

36. প্রশ্নবোধক স্থানে কী আসবে?




(A) 43 (B) 23 (C) 33 (D) 53

37. একটি সারিতে পাঁচটি বালক বসেছে, পীযুষ ও পরেশের মাঝখানে কাজল ও রনি আর পীযুষের মাঝে গোপাল বসেছে। কে গোপালের একেবারে দক্ষিণ প্রান্তে বসেছে?
(A) পরেশ (B) পীযুষ (C) রনি (D) কাজল

38. SKARTINS শব্দটিকে rearrange করে লিখলে একটি শব্দ পাওয়া যায়, যা একটি ভাষাকে প্রকাশ করে। এখন ওই শব্দটির ডানদিক থেকে পঞ্চম অক্ষর কোনটি হবে?
(A) N (B) K (C) S (D) R

39. বিবৃতি :
সব গোলাপ হল ফল, সব ফল হল গাছ।
সিদ্ধান্ত :
I. সব গাছ হয় গোলাপ,
II. কিছু ফল হল গোলাপ
(A) উভয় সিদ্ধান্ত I ও II অনুসরণ করে (B) শুধু সিদ্ধান্ত I বা II অনুসরণ করে (C) শুধু সিদ্ধান্ত II অনুসরণ করে (D) শুধু সিদ্ধান্ত I অনুসরণ করে

40. যদি একটি কোডে 'RED' কে 19 হিসাবে লেখা হয়, তবে 'WED' কে কী হিসাবে লেখা হবে?
(A) 24 (B) 22 (C) 28 (D) 21

### উত্তর

1(D). $\frac{3}{5}$, $0.36 = \frac{36}{100} = \frac{9}{25}$

$0.24 = \frac{24}{100} = \frac{6}{25}$

তাহলে, $\frac{3}{5}, \frac{9}{25}, \frac{6}{25}$ -এর গ.সা.গু

$= \frac{3, 9, 6 \text{ এর গ.সা.গু}}{5, 25, 25 \text{ এর ল.সা.গু}} = \frac{3}{25} = \frac{12}{100} = 0.12$

2(B). সূত্র —
দু'টি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

তাহলে ল.সা.গু = $\frac{\text{সংখ্যা দু'টির গুণফল}}{\text{গ.সা.গু}} = \frac{2160}{6} = 360$

তাহলে গ.সা.গু : ল.সা.গু = 6 : 360 = 1 : 60

3(B). মুখস্থ রাখুন
(i) প্রথম 5টি মৌলিক সংখ্যার সমষ্টি = 28, গড় = 5.6
(ii) প্রথম 10টি মৌলিক সংখ্যার সমষ্টি = 129, গড় 12.9
(iii) প্রথম 9টি মৌলিক সংখ্যার সমষ্টি = 100, গড় $11\frac{1}{9}$

4(C). মনে করি চতুর্থ সংখ্যাটি = 2x, তৃতীয় সংখ্যা = x, দ্বিতীয় সংখ্যা = 3x ও প্রথম সংখ্যা = 6x

তাহলে গড় = $\frac{6x + 3x + x + 2x}{4} = \frac{12x}{4} = 3x$

বা, 3x = 45 বা, x = 15
তাহলে প্রথম সংখ্যা 6x = 6 × 15 = 90

5(A). মধ্য সমানুপাতী = $\sqrt{\text{সংখ্যা দু'টির গুণফল}}$

তাহলে মধ্য সমানুপাতী = $\sqrt{3 \times 192}$ = 24

6(B). মনে করি, পুরুষ ও মহিলা সংখ্যা যথাক্রমে 5x ও 4x.

তাহলে $\frac{5x}{4x + 45} = \frac{4}{5}$

বা, 25x = 16x + 180
বা, 9x = 180 বা, x = 20
তাহলে পুরুষ সংখ্যা 5x = 5 ×20 = 100 জন।

7(C). চাল = 1200 টাকা ⇒ (+20%)
= (1200 × 20%) = 240 টাকা
মাছ = 1700 টাকা ⇒ (+30%) = (1700 × 30%) = 510 টাকা
তেল = 300 টাকা ⇒ (+50%) = (300×50%) = 150 টাকা
মোট খরচ = 3200 টাকা, মোট বৃদ্ধি =900 টাকা
তাহলে বৃদ্ধির হার

$\frac{900 \times 100}{3200} = \frac{225}{8} = 28\frac{1}{8}\%$.

8(B). n = 1 হলে, $(n^3 - n) = (1^3 - 1) = 0$
n = 2 হলে, $(n^3 - n) = (2^3 - 2) = 6$
n = 3 হলে, $(n^3 - n) = (3^3 - 3) = 24$
n = 4 হলে, $(n^3 - n) = (4^3 - 4) = 60$
তাহলে $(n^3 - n)$ সর্বদা '6' দিয়ে বিভাজ্য।

9(C). প্রতিদিন শুঁয়োপোকাটি (5–4) = 1 ইঞ্চি করে ওপরে ওঠে তাহলে 70 দিনে 70 ইঞ্চি ও 71তম দিনে (70+5) = 75 ইঞ্চি উঁচুতে পৌঁছবে।

10(D). মনে করি ভিখারির সংখ্যা = x জন
শর্তানুসারে 6x + 7 = 8x – 5
বা 2x = 12 বা, x = 6 জন।

11(C). 12(C). 13(B). 14(B). 15(B). 16(B). 17(A). 18(C). 19(A). 20(D). 21(A). 22(A). 23(C). 24(B). 25(D). 26(C). 27(D). 28(D). 29(A). 30(B). 31(D). 32(A). 33(D). 34(A). 35(C).

36(C). 15+9+8 = 32 – 10 = 22
3+22+4 = 29 – 10 = 19
6 + 7 + 30 = 43 – 10 = 33

37(A). 38(C). SANSKRIT

39(C).

40(A).
R E D
↓ ↓ ↓
18 + 5 – 4
W E D
↓ ↓ ↓
23 + 5 – 4 = 24

৬ পাতার পর

## একনজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**১৬ ডিসেম্বর :** কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের 'জ্ঞান ভারতম মিশন'এর অধীনে, আনুষ্ঠানিকভাবে 'পতঞ্জলি বিশ্ববিদ্যালয়'কে দেশের প্রথম যোগ ও আয়ুর্বেদ ভিত্তিক ক্লাস্টার সেন্টার হিসাবে মনোনীত করা হল। 'পতঞ্জলি বিশ্ববিদ্যালয়'ই প্রথম যোগ ও আয়ুর্বেদ ভিত্তিক বিশ্ববিদ্যালয়, যারা এই সম্মান অর্জন করেছে। বিশ্ববিদ্যালয়টি ৫০ হাজারেরও বেশি প্রাচীন গ্রন্থ সংরক্ষণ করেছে, ৪২ লাখেরও বেশি পৃষ্ঠা ডিজিটাইজ করেছে ও ৪০টি পাণ্ডুলিপি পুনঃপ্রকাশ করেছে। একটি ক্লাস্টার সেন্টার হিসাবে এটি ২০টি সহযোগী প্রতিষ্ঠানকে পরামর্শ দেবে ও দেশব্যাপী সাংস্কৃতিক সংরক্ষণ প্রচেষ্টাকে শক্তিশালী করবে। বিশ্ববিদ্যালয়টি যোগ ও আয়ুর্বেদ পাণ্ডুলিপি নিয়ে গবেষণা, শিক্ষা ও প্রচারকে সমর্থন করবে, যার মাধ্যমে ঐতিহ্যবাহী জ্ঞানকে সমসাময়িক পাণ্ডিত্যের সঙ্গে সংযুক্ত করা হবে।

❑ মরুদেশ আন্টার্কটিকার সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট ভিনসন' (৪,৮৯২ মিটার) জয় করে নজির গড়লেন উত্তরাখণ্ডের আলমোড়ার বাসিন্দা কবিতা চাঁদ। ১২ ডিসেম্বর, স্থানীয় সময় রাত ৮টা ৩০ মিনিটে মাউন্ট ভিনসন জয় করেন তিনি। ৩ ডিসেম্বর এই অভিযান শুরু করেন তিনি। এই সাফল্য অর্জনের মাধ্যমে 'সেভেন সামিটস' চ্যালেঞ্জের পথে আরও এক ধাপ এগিয়ে গেলেন ৪০ বছর বয়সি এই ভারতীয় পর্বতারোহী।

❑ পূর্ব আফ্রিকার স্থলবেষ্টিত দেশ ইথিওপিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান 'দ্য গ্রেট অনার নিশান অফ ইথিওপিয়া' পেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইথিওপিয়ার ইতিহাসে এই প্রথম কোনো রাষ্ট্রপ্রধান বা সরকারপ্রধানকে এই সর্বোচ্চ সম্মানে ভূষিত করা হল। দুই দেশের অংশীদারিত্ব জোরদারে মোদীর অসামান্য অবদান ও বৈশ্বিক নেতৃত্বে তাঁর দূরদর্শী ভূমিকার স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলি তাঁর হাতে এই সম্মান তুলে দেন।

❑ আইপিএল ২০২৬ সালের নিলামে 'কলকাতা নাইট রাইডার্স'এ-রেকর্ড ২৫.২০ কোটি টাকায় যোগ দিলেন অস্ট্রেলিয়ান অলরাউন্ডার ক্যামেরন গ্রিন। আইপিএলের ইতিহাসে এই মুহূর্তে সবথেকে দামি বিদেশি ক্রিকেটার তিনি। এর আগে, ২৪ কোটি ৭৫ লাখ টাকায় মিচেল স্টার্ক'কে কিনেছিল কেকেআর। সেটাই ছিল এতদিন নিলামে কোনো বিদেশির পাওয়া সর্বোচ্চ দাম। ফলে, নিজেদের রেকর্ড নিজেরাই ভাঙল কেকেআর।


**১৭ ডিসেম্বর :** ভারতে, বিশ্বব্যাপী নিজেদের প্রথম ক্রেডিট কার্ড চালু করল 'গুগল'। 'অ্যাক্সিস ব্যাঙ্ক'এর সঙ্গে অংশীদারিত্বে এই কার্ডটি চালু করা হয়েছে। এটি ভারতের রুপে নেটওয়ার্কের ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে ও এতে একটি রিওয়ার্ড প্রোগ্রাম রয়েছে, যা ব্যবহারকারীদের লেনদেনের জন্য ভার্চুয়াল স্টার প্রদান করবে। এই কার্ডটি গুগল পেমেন্ট অ্যাপের মাধ্যমে ইস্যু করা হবে, যা অনলাইন ও অফলাইন উভয় ক্ষেত্রেই ব্যবহার করা যাবে। গুগলের এই সিদ্ধান্ত ভারতের অর্থনৈতিক ব্যবস্থায় একটি উল্লেখযোগ্য পরিবর্তন আনবে বলে মনে করা হচ্ছে।

**১৮ ডিসেম্বর :** ওমানের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান 'দ্য ফার্স্ট ক্লাস অফ দ্য অর্ডার অফ ওমান' পেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারত ও ওমান দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি। দেশটির সুলতান হাইথাম বিন তারিক তাঁর হাতে এই সম্মান তুলে দেন।

❑ কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ বৈশ্বিক মাইলফলক অর্জন করল ভারত। 'স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে প্রকাশিত 'গ্লোবাল এআই ভাইব্রেন্সি টুল (২০২৪)' রিপোর্ট অনুসারে, মার্কিন যুক্তরাষ্ট্র ও চিনের পর এখন বিশ্বের তৃতীয় সেরা কৃত্রিম বুদ্ধিমত্তার দেশে পরিণত হয়েছে ভারত। এই মাইলফলকটি বিশেষভাবে উল্লেখযোগ্য, কারণ মাত্র এক বছরের মধ্যে ২০২৪ সালে তৃতীয় স্থানে উঠে এসেছে ভারত, যেখানে ২০২৩ সালে ভারতের স্থান ছিল সপ্তম।

❑ এবছর 'ট্র্যাভেল + লেজার ইন্ডিয়া অ্যান্ড সাউথ এশিয়া' পুরস্কারে সেরা ডোমেস্টিক এয়ারলাইন হিসাবে মনোনীত হল 'এয়ার ইন্ডিয়া'। এই নিয়ে টানা দ্বিতীয়বারের মতো এই খেতাব পেল তারা। এই পুরস্কারটি গ্রাহকদের ভোটের মাধ্যমে নির্ধারিত হয়েছে, যা ওই বিমান সংস্থার সঙ্গে ভ্রমণকারী যাত্রীদের মতামতকে প্রতিফলিত করে। অন্যদিকে, এই পুরস্কারে ২০২৫ সালের জন্য বিশ্বের সেরা আন্তর্জাতিক বিমানবন্দর হিসাবে মনোনীত হল সিঙ্গাপুরের 'চাঙ্গি বিমানবন্দর'।

❑ দীর্ঘ ৯৩ বছরের ইতিহাসে প্রথমবার দেরাদুনের 'ইন্ডিয়ান মিলিটারি আকাদেমি' থেকে পাশ করে ইতিহাস গড়লেন ২৩ বছর বয়সি সাঁই যাদব। ১৯৩২ সালে আইএমএ প্রতিষ্ঠার পর এই প্রথম কোনো মহিলা অফিসার এখান থেকে কমিশন পেলেন। এতদিন আইএমএ থেকে পাশ করেছেন ৬৭ হাজারেরও বেশি অফিসার ক্যাডেট। কিন্তু তাঁরা সবাই ছিলেন পুরুষ। এবার সেই শূন্যস্থান পুরণ করলেন সাঁই।



প্রখ্যাত ভারতীয় কিংবদন্তি ভাস্কর রাম ভানজি সুতার (১০০ বছর) মারা গেলেন। গুজরাতে বিশ্বের সবথেকে উঁচু সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তি 'স্ট্যাচু অফ ইউনিটি'র নকশা তৈরি করার জন্য বিশেষ খ্যাতি অর্জন করেছিলেন তিনি। ৬০ বছরেরও বেশি সময় ধরে কর্মজীবনে ২০০টিরও বেশি দুর্দান্ত ভাস্কর্য তৈরি করেছেন তিনি।

**১৯ ডিসেম্বর :** ২০২৫ সালে 'হারুন ইন্ডিয়া শীর্ষ ২০০ স্ব-প্রতিষ্ঠিত উদ্যোক্তা'দের তালিকায় শীর্ষ স্থান পেলেন অনলাইন ফুড ডেলিভারি প্ল্যাটফর্ম 'ইটারনাল'এর (আগের 'জোম্যাটো') প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার দীপিন্দর গোয়েল। গত ১ বছরে 'ইটারনাল'এর মূল্য ২৭% বেড়ে ৩.২ লাখ কোটি টাকায় পৌঁছানোর কারণে এই শীর্ষ স্থান পেলেন তিনি। দ্বিতীয় স্থানে রয়েছেন 'ডি-মার্ট'এর মালিক রাধাকিষাণ দামানি। তাঁর ওই সংস্থার মূল্য ১৩% কমে দাঁড়িয়েছে ৩ লাখ কোটি টাকায়।

❑ উত্তর প্রদেশের গোরখপুরে ভারতের প্রথম বন বিশ্ববিদ্যালয় স্থাপিত হতে চলেছে, যা বনবিদ্যা, বন্যপ্রাণী ও পরিবেশ বিজ্ঞানের ওপর শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিয়ে যাবে। গোরখপুরে ১২৫ একরের একটি ক্যাম্পাসে এই বন বিশ্ববিদ্যালয়টি গড়ে তোলা হবে। এখানকার শিক্ষাগত কর্মসূচিগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে বনবিদ্যা, কৃষি-বনবিদ্যা, সামাজিক বনবিদ্যা, উদ্যানপালন, বন্যপ্রাণী গবেষণা, বাস্তুবিদ্যা, জলবায়ু পরিবর্তন-সহ প্রভৃতি বিষয়গুলি।

❑ হরিয়ানাকে ৬৯ রানে হারিয়ে, প্রথমবারের মতো 'সৈয়দ মুস্তাক আলি ট্রফি' জিতল ঝাড়খণ্ড।

**২০ ডিসেম্বর :** শেখার অক্ষমতা থাকা প্রথম শিল্পী হিসাবে ২০২৫ সালে 'টার্নার পুরস্কার' পেলেন ৫৯ বছর বয়সি স্কটিশ ভাস্কর্য ও অঙ্কন শিল্পী নেনা কালু। যুক্তরাজ্যের সবথেকে মর্যাদাপূর্ণ ভিশুয়াল আর্ট পুরস্কার এটি। তিনি মূলত অটিস্টিক ও বাকশক্তিহীন একজন শিল্পী। তাঁর বিজয়ী কাজগুলির মধ্যে ছিল মোড়ানো কাপড়ের উপকরণ দিয়ে তৈরি উজ্জ্বল রঙের শুঁয়োপোকার মতো আকৃতির একগুচ্ছ শিল্পকর্ম, যা বার্সেলোনার একটি অব্যবহৃত বিদ্যুৎ কেন্দ্রের স্তম্ভগুলির মাঝে ঝোলানো হয়েছিল। উত্তর ইংল্যান্ডের ব্র্যাডফোর্ডে আয়োজিত এক অনুষ্ঠানে ২৫,০০০ পাউন্ডের এই পুরস্কার নেন তিনি।

❑ ১৭ ডিসেম্বর, এইমস বিজয়পুর ক্যাম্পাসে, জম্মু ও কাশ্মীরের প্রথম জেন জেড পোস্ট অফিস চালু হল। এই উদ্যোগটি ডাক বিভাগের একটি বৃহত্তর পরিকল্পনার অংশ, যার লক্ষ্য হল ক্যাম্পাসের ডাকঘরগুলিকে যুব-কেন্দ্রীক ও প্রযুক্তি-নির্ভর পরিষেবা কেন্দ্রে রূপান্তরিত করা। জেনারেশন জেড-এর জন্য এই পোস্ট অফিসটি তৈরি করা হয়েছে, যেখানে রয়েছে আধুনিক পরিবেশ, ডিজিটাল পেমেন্টের সুবিধা। এছাড়াও, একই ছাদের নীচে ডাক, ব্যাঙ্কিং ও বিমা পরিষেবার সুবিধা পাওয়া যাবে এখানে। এই সুবিধাটির লক্ষ্য হল, ডাক সঞ্চয় প্রকল্প ও ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক পরিষেবা সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা বাড়িয়ে তোলা।



বিশ্বে প্রথমবারের মতো হুইলচেয়ারে বসে মহাকাশের সীমানা বা 'কারমান লাইন' অতিক্রম করে ইতিহাস গড়লেন ৩৩ বছর বয়সি জার্মান অ্যারোস্পেস ইঞ্জিনিয়ার মাইকেলা বেন্টহাউস। এদিন সকালে মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাসের ভ্যান হর্ন লঞ্চ প্যাড থেকে 'ব্লু অরিজিন'এর 'নিউ শেপার্ড-৩৭' রকেটে চড়ে মহাকাশে পাড়ি দেন তিনি। নিউ শেপার্ড ক্যাপসুলে মাইকেলা'র এই ঐতিহাসিক যাত্রা স্থায়ী ছিল প্রায় ১০ মিনিট। তাঁর এই যাত্রা মহাকাশ পর্যটনের ইতিহাসে এক বড় মাইলফলক। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালে মাউন্টেন বাইকিংয়ের সময় স্পাইনাল কর্ডে আঘাত পেয়ে হাঁটার শক্তি হারান মাইকেলা।

❑ ২০২৫ সালে নেপাল'স এপিএফ'কে ৩-০ ব্যবধানে হারিয়ে, উদ্বোধনী 'সাফ মহিলা ক্লাব চ্যাম্পিয়নশিপ' জিতে ইতিহাস গড়ল ইস্ট বেঙ্গল এফসি।

**২১ ডিসেম্বর :** ১৮ ও ১৯ ডিসেম্বর, চণ্ডীগড়ে ডিআরডিও'র টার্মিনাল ব্যালিস্টিক্স রিসার্চ ল্যাবরেটরির রেল ট্র্যাক রকেট স্লেডের সাহায্যে সফলভাবে 'গগনযান' ক্রু মডিউলের ডি-সেলারেশন সিস্টেমে ব্যবহৃত ড্রোগ প্যারাশুটের একাধিক সফল পরীক্ষা করল 'ইসরো'। দেশের প্রথম মানব মহাকাশ অভিযানে কীভাবে মহাকাশচারীরা অবতরণ করবেন, তার জন্য এই পরীক্ষা করা হয়েছে। 'গগনযান' ক্রু মডিউলের ডি-সেলারেশন সিস্টেমে চারটি আলাদা ধরনের ১০টি প্যারাশুট রয়েছে। ড্রোগ প্যারাশুট কোনো সাধারণ প্যারাশুট নয়। এটি মিশনের সময় একটি সুরক্ষা জাল হিসাবে কাজ করে। যখন গগনযানের ক্রু মডিউল পৃথিবীর দিকে পতিত হবে, তখন এটি ঘন্টায় হাজার হাজার কিলোমিটার বেগে ভ্রমণ করবে। ড্রোগ প্যারাশুট এই গতি কমিয়ে দেয়। এই প্যারাশুটগুলি মডিউলটিকে সোজা রাখে, যাতে এটি তীব্র বাতাসে দুলতে না পারে। এই পরীক্ষার ফলাফল বিজ্ঞানীদের আশ্বস্ত করেছে যে এগুলি পুরোপুরিভাবে শক্তিশালী।

❑ হরিয়ানার হরমন সচদেবা'কে হারিয়ে, আইজিইউ ১২৪ তম অ্যামেচার চ্যাম্পিয়নশিপ জিতলেন ভারতীয় গলফার সুখমন সিং।

**২২ ডিসেম্বর :** 'এনডিটিভি বর্ষসেরা ভারতীয় ২০২৫' অনুষ্ঠানে, 'বর্ষসেরা রূপান্তরমূলক নেতা'র পুরস্কারে ভূষিত হলেন আইসিসি'র চেয়ারম্যান তথা বিসিসিআই'এর প্রাক্তন সচিব জয় শাহ। ভারতীয় ক্রিকেটে যুগান্তকারী সংস্কার, যেমন- বেতন সমতা, ডব্লুপিএল চালু ও রেকর্ড পরিমাণ আইপিএল মিডিয়া স্বত্ব চুক্তির জন্য এই পুরস্কার পেলেন তিনি।

❑ লেবুর আকৃতির মতো এক গ্রহের খোঁজ পেলেন 'নাসা'র জেমস ওয়েব স্পেস টেলিস্কোপের একদল বিজ্ঞানী। 'PSR J2322-2650b' নামের এই গ্রহটি এক 'পালসার' তারাকে কেন্দ্র করে ঘুরছে। পালসার ছোট হলেও খুব ঘন তারা, যা থেকে নিয়মিত তড়িৎচৌম্বকীয় বিকিরণ বেরিয়ে আসে। গ্রহটিতে প্রচুর পরিমাণে হিলিয়াম ও কার্বন রয়েছে। সারাক্ষণ হাওয়া বয়। এই গ্রহের আবহাওয়া রীতিমতো অদ্ভুত। এর আগে এমন কোনো গ্রহের খোঁজ পাওয়া যায়নি, যার বায়ুমণ্ডলে আণবিক কার্বন আছে। এই গ্রহটিকে মহাবিশ্বের আরেকটি অমীমাংসিত রহস্য হিসাবেই ধরে নেওয়া হচ্ছে।

**২৩ ডিসেম্বর :** মর্যাদাপূর্ণ ফরাসি সম্মান 'শেভালিয়ার ডি আই'অর্ডার ডেস আর্টস এট ডেস লেটারস'এ ভূষিত হলেন মালয়লম প্রকাশক তথা 'ডিসি বুকস'এর ম্যানেজিং ডিরেক্টর রবি ডিসি। সাহিত্য, প্রকাশনা আর বিশেষ করে ভারত ও ফ্রান্সের মধ্যে আন্তঃসংস্কৃতি বিনিময়ে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। ৪ ডিসেম্বর, ভারতে অবস্থিত ফ্রান্সের দূতাবাসে তাঁকে এই সম্মান দেন ভারতে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত থিয়েরি ম্যাথু।

❑ ৬৮ তম 'জাতীয় শুটিং চ্যাম্পিয়নশিপ'এ ১০ মিটার এয়ার রাইফেল পুরুষদের ফাইনাল ইভেন্টে সোনার পদক পেলেন নৌবাহিনীর কিরণ অঙ্কুশ যাদব। ২৫২.১ স্কোর করে শেষ করেছেন তিনি।

২০২৫ সালে মর্যাদাপূর্ণ '৪০ অনূর্ধ্ব ৪০ আইনজীবী পুরস্কার' পেলেন ভারতীয় 'সুপ্রিম কোর্ট'এর



প্র্যাকটিসিং আইনজীবী শুভম অবস্থি। পেশাগত শ্রেষ্ঠত্ব ও মানবিক অবদানের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ভারতীয় আইন ক্ষেত্রের একটি অন্যতম সম্মান এটি। জনস্বার্থ মামলা, সাংবিধানিক আইন ও সামাজিক ন্যায়বিচার সংক্রান্ত বিষয়ে কাজের জন্য পরিচিত তিনি।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## প্রাইমারির ইন্টারভিউ

১ পাতার পর

থেকে ১০ এপ্রিল, ১৬, ১৭ এপ্রিল আর ২১ থেকে ২৪ এপ্রিল।
অষ্টম ফেজে আলিপুরদুয়ার ও দক্ষিণ দিনাজপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৭ এপ্রিল থেকে ৩০ এপ্রিল।
নবম ফেজে মালদা ও পশ্চিম বর্ধমান জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৫ মে থেকে ৮ মে ও ১২ মে থেকে ১৫ মে।
দশম ফেজে বীরভূম জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৯ মে থেকে ২২ মে, ২৮ মে ও ২৯ মে।
ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.wbbpeonline.com/dashboard
ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে (যাঁরা এখনো ইন্টারভিউয়ের কল লেটার পাননি, তাঁরা এইসব প্রমাণপত্র সংগ্রহ করে রাখুন) :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।
(২) 'টেট' পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।
(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।
(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।
(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এড.'এর মার্কশীট ও সার্টিফিকেট।
(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৮) কাস্ট সার্টিফিকেট।
(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।
(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।
(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।
(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।
(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া 'ফার্স্ট এনগেজমেন্ট লেটার'।
(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.'এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।
(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।
(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।
(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

## হিন্দুস্তান পেট্রোলিয়মে ৬৫৪

১ পাতার পর

**জুনিয়র এক্সিকিউটিভ ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ১১৭টি।

**জুনিয়র এক্সিকিউটিভ কেমিক্যাল :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ২৭টি।

**জুনিয়র এক্সিকিউটিভ কোয়ালিটি কন্ট্রোল :** কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ১২টি।

**জুনিয়র এক্সিকিউটিভ এইচ.আর. :** হিউম্যান রিসোর্স স্পেশালাইজেশন হিসাবে নিয়ে বি.বি.এ., বি.বি.এ. (অনার্স) কিংবা বি.এম.এস. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**জুনিয়র এক্সিকিউটিভ ফায়ার অ্যান্ড সেফটি :** সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা ফায়ার অ্যান্ড সেফটির ডিপ্লোমা কোর্স পাশ হলে আর ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ১৬টি।

**মেকানিক্যাল ইঞ্জিনিয়ার :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ৭২টি।

**ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ৩৭টি।

**সিভিল ইঞ্জিনিয়ার :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ১৭টি।

**কেমিক্যাল ইঞ্জিনিয়ার :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ১৫টি।

**অফিসার-ফিনান্স :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ৩০টি।

**অফিসার-আই.এস. :** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ২০টি।

**সিনিয়র অফিসার-সেলস (রিটেল, লিউবস, ডিরেক্ট সেলস) :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, কেমিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। শূন্যপদ : ৫০টি।

সব পদের বেলায় বয়স হতে হবে ২৫-৩-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

এই পদের বিজ্ঞপ্তি নং : HPCL/OPEN/HR/3/2025-26.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.hindustanpetroleum.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো স্ক্যান করে নিয়ে যাবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Career Opportunities-এ গিয়ে ক্লিক করলে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। যাবতীয় তথ্য দিয়ে ও ফটো আপলোড করে সাবমিট করলেই ১২ ডিজিটের সিস্টেম জেনারেটেড ইউনিক নম্বর / রেফারেন্স নম্বর পাবেন ও তা প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,১৮০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্ত সাবমিট করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## চাকরির টুকরো খবরাখবর

### ডব্লু.বি.সি.এস. 'সি' গ্রুপের ইন্টারভিউ শুরু

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. মেনস'এর গ্রুপ-সি পদের ফল বেরিয়েছে। সফলদের পার্সোন্যালিটি টেস্ট হবে ১০-১৮ মার্চ। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন ২ মার্চ থেকে। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.gov.in

### মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষা

পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 14 of 2025'এর অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) পদের সার্টিফিকেট ভেরিফিকেশন ও পার্সোন্যালিটি টেস্ট হবে ৬ ও ৭ মার্চ। বিজ্ঞপ্তি নং 15 of 2025'এর অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) পদের ইন্টারভিউ হবে ৯ মার্চ। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 9 of 2025'এর স্যানিটরি ইন্সপেক্টর, স্যানিটরি অ্যাসিস্ট্যান্ট, অ্যাসেসমেন্ট ইন্সপেক্টর, সার্ভেয়র, ড্রাফটসম্যান, অ্যাকাউন্ট্যান্ট পদের ইন্টারভিউ হবে ১১ মার্চ। ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট পদের টাইপিং টেস্ট হবে ১২ মার্চ আর ইন্টারভিউ হবে ১৪ মার্চ। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

### পি.এস.সি.'র লাইব্রেরিয়ান পদে লোক নেওয়া হবে

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে লাইব্রেরিয়ান পদে কিছু লোক নেওয়া হবে। এই পদের বিজ্ঞপ্তি নং ৪/২০২৬। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://psc.wb.gov.in




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com